# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 24, 1432 Bangla, March 09, 2026, Monday, No. 68, 56th year

# H I G H L I G H T S

President Mohammed Shahabuddin says that if women's safety is not ensured both at home & outside the home, the benefits of policies adopted for their development & prosperity will not be fully realized. [Jago FM: 10]

Former PM Begum Khaleda Zia was posthumously honoured with "Best Indomitable Woman" award for her role in advancing democracy. Her granddaughter Zaima Rahman received the award on her behalf. [Jago FM: 10]

Government has withdrawn 5 Bangladeshi envoys including the UK & Mexico, from their overseas posting & instructed them to report to the Ministry of Foreign Affairs headquarters in Dhaka. [BBC: 03]

A case has been filed against NCP chief coordinator Nasiruddin Patwary on allegations of criminal intimidation & defamation involving PM's political adviser Mirza Abbas Uddin Ahmed. [BBC: 03]

The Special Task Force of the West Bengal Police in India said that they have arrested two people suspected of being involved in the murder of Sharif Osman Hadi. [BBC: 03]

Stock market investors have been panicked by rumors that Middle East war could lead to an oil crisis. The panic has led to a collapse in the capital market as excessive selling pressure has increased. [Jago FM: 11]

The prices of daily necessities including rice, pulses, vegetables, fish, meat have suddenly increased. As a result, food inflation has increased to 9.30 percent in February, from 8.29 percent in January. [Jago FM: 12]

The war in Middle East has created instability in country's energy sector. Long queues of vehicles at filling stations to get oil. Reports of unpleasant incidents are also coming in from somewhere. [Jago FM: 14]

Power, Energy and Mineral Resources Minister Iqbal Hasan Mahmud Tuku has said that oil is in stock, but rationing will have to be carried out. [Jago FM: 13]

Schools, hospital & several historical sites have been severely damaged since US & Israeli attacks began in Iran. HRANA reports that 1,168 civilians have been killed in the attacks, including 194 children. [BBC: 05]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২৪, বাংলা ১৪৩২, মার্চ ০৯, ২০২৬, সোমবার, নং- ৬৮, ৫৬তম বছর**

# শিরোনাম

ঘরে ও বাইরে নারীর নিরাপত্তা নিশ্চিত না হলে, তাদের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য নেওয়া নীতিমালার সুফল পুরোপুরি পাওয়া যাবে না --- মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। [জাগো এফএম: ১০]

গণতন্ত্রের অগ্রযাত্রায় অসামান্য অবদানের জন্য `শ্রেষ্ঠ অদম্য নারী, সম্মাননা (মরণোত্তর) পেয়েছেন সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া। খালেদা জিয়ার পক্ষে পুরস্কার গ্রহণ করেছেন তার নাতনি ব্যারিস্টার জাইমা রহমান। [জাগো এফএম: ১০]

যুক্তরাজ্য ও মেক্সিকোসহ মোট পাঁচ দেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারকে প্রত্যাহার করে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সদর দপ্তরে বদলি করা হয়েছে। [বিবিসি: ০৩]

প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাসের তরফ থেকে মানহানিকর বক্তব্য ও বিভিন্ন হুমকির কারণে এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। [বিবিসি: ০৩]

ভারতের পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স জানিয়েছে, তারা শরিফ ওসমান হাদির হত্যার সাথে জড়িত সন্দেহে দুইজনকে গ্রেফতার করেছে। [বিবিসি: ০৩]

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে জ্বালানি তেলের সংকট সৃষ্টি হতে পারে, এমন গুঞ্জনের প্রেক্ষিতে শেয়ারবাজারের বিনিয়োগকারীরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছেন। আতঙ্কে মাত্রাতিরিক্ত বিক্রির চাপ বাড়ানোয় ধস নেমেছে পুঁজিবাজারে। [জাগো এফএম: ১১]

চাল, ডাল, সবজি, মাছ, মাংসসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম হঠাৎ করেই বেড়েছে। ফলে ফেব্রুয়ারিতে খাদ্য খাতে মূল্যস্ফীতি বেড়ে হয়েছে ৯ দশমিক ৩০ শতাংশ, যা জানুয়ারি মাসে ছিল ৮ দশমিক ২৯ শতাংশ। [জাগো এফএম: ১২]

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে দেশের জ্বালানি খাতে অস্থিরতা তৈরি হয়েছে। তেল নিতে ফিলিং স্টেশনে যানবাহনের দীর্ঘ সারি। কোথাও কোথাও অপ্রীতিকর ঘটনার তথ্যও আসছে। [জাগো এফএম: ১৪]

তেল মজুত আছে, কিন্তু রেশনিং করে চলতে হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। [জাগো এফএম: ১৩]

ইরানে মার্কিন ও ইসরায়েলি হামলায় স্কুল, হাসপাতাল এবং ঐতিহাসিক বেশকিছু স্থাপনা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এইচআরএএনএ জানাচ্ছে, এ হামলায় ১৯৪ জন শিশুসহ মোট ১,১৬৮ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছে। [বিবিসি: ০৫]

# বিবিসি

## শরিফ ওসমান হাদির হত্যার সাথে জড়িত সন্দেহে দুইজন পশ্চিমবঙ্গে গ্রেফতার

ভারতের পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স জানিয়েছে, তারা শরিফ ওসমান হাদির হত্যার সাথে জড়িত সন্দেহে দুইজনকে গ্রেফতার করেছে। একটি বিবৃতিতে তারা জানিয়েছে, "বাংলাদেশের দুই নাগরিক বাংলাদেশে চাঁদাবাজি ও হত্যাসহ গুরুতর অপরাধ করে দেশ থেকে পালিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করেছে," এমন 'গোপন নির্ভরযোগ্য' তথ্যের ভিত্তিতে তারা অভিযান চালিয়ে দুইজনকে গ্রেফতার করে। মধ্যরাতে বনগাঁ থেকে আটক দুইজন হচ্ছেন পটুয়াখালীর রাহুল ওরফে ফয়সাল করিম মাসুদ এবং ঢাকার বাসিন্দা আলমগীর হোসেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা জেনেছেন, "ফয়সাল করিম মাসুদ আলমগীর হোসেনকে সঙ্গে নিয়ে বাংলাদেশের রাজনৈতিক কর্মী ওসমান হাদিকে হত্যা করে এবং পরে সেখান থেকে পালিয়ে যায়।" এমনটাই জানানো হয়েছে সেই প্রেস বিজ্ঞপ্তিতে। সেখানে আরও বলা হয়, জিজ্ঞাসাবাদে "তারা মেঘালয় সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতীয় ভূখণ্ডে প্রবেশ করে এবং ভারতের বিভিন্ন স্থানে ঘুরে অবশেষে বাংলাদেশে ফিরে আসার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গের বনগাঁয় আসে" বলে জানা গেছে।

(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## খালেদা জিয়ার 'শ্রেষ্ঠ অদম্য নারীর' মরণোত্তর পুরস্কার নিলেন নাতনি জাইমা রহমান

বাংলাদেশে 'শ্রেষ্ঠ অদম্য নারীর' মরণোত্তর পুরস্কার দেওয়া হলো সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির প্রয়াত চেয়ারপার্সন খালেদা জিয়াকে। বিএনপির নতুন সরকারের সময়ে আজ নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত একটি অনুষ্ঠানে খালেদা জিয়াকে মরণোত্তর ওই পুরস্কার দেওয়া হয়। রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের হাত থেকে পুরস্কারটি গ্রহণ করেন বেগম খালেদা জিয়ার নাতনি জাইমা রহমান। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এই পুরস্কার সাধারণত দেশের নারীদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রে অংশগ্রহণে উৎসাহ দিতে প্রদান করা হয়। সেই অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী তারেক রহমানের স্ত্রী জুবাইদা রহমানও।(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## পাঁচ দেশ থেকে বাংলাদেশের রাষ্ট্রদূতদের প্রত্যাহার করল পররাষ্ট্র মন্ত্রণালয়

পাঁচটি দেশ থেকে বাংলাদেশের রাষ্ট্রদূতকে প্রত্যাহার করে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে ফেরত আনা হয়েছে। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। যাদের ফেরত আনা হচ্ছে, তাদের মধ্যে চারজন হচ্ছেন পর্তুগালে বাংলাদেশি রাষ্ট্রদূত এম. মাহফুজুল হক, পোল্যান্ডে মো. ময়নুল ইসলাম, মেক্সিকোতে এম মুশফিকুল ফজল আনসারী এবং মালদ্বীপে মো. নাজমুল ইসলাম। এছাড়াও যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার আবিদা ইসলামকেও প্রত্যাহার করে সদর দপ্তরে বদলি করা হয়েছে বলে জানানো হয় সে বিজ্ঞপ্তিতে।

(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## মীর্জা আব্বাসের মানহানির অভিযোগে নাসীরুদ্দীন পাটওয়ারীর বিরুদ্ধে মামলা

প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক উপদেষ্টা মীর্জা আব্বাসের তরফ থেকে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে বলে জানা যাচ্ছে। রমনা থানার বিএনপির সভাপতি আশরাফুল ইসলাম বাদী হয়ে মামলার আবেদন করেছেন বলে জানান বাদীপক্ষের আইনজীবী মো. আমিরুল ইসলাম আমির। নাসীরুদ্দীন পাটওয়ারী নির্বাচনে হেরে যাওয়ার পর সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন অনলাইন পত্রিকায় বিভিন্ন ধরনের মিথ্যা, মানহানিকর বক্তব্য ও বিভিন্ন হুমকির কারণে 'ব্যথিত' হয়ে বাদী আদালতের শরণাপন্ন হয়েছে বলে সাংবাদিকদের জানান সে আইনজীবী। "সেসব নিউজ এবং ভিডিও ফুটেজ পেনড্রাইভের মাধ্যমে" আদালতে দাখিল করা হয় এবং আদালত পর্যালোচনা করে "মামলা আমলে নিয়ে ৫০০ ও ৫০৪ ধারায় সমন জারি করেছেন" বলে জানান মি. আমির।(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## হিথ্রো বিমানবন্দরে বাংলাদেশি হাইকমিশনারকে প্রত্যাহারের ঘোষণা দেওয়া ঘিরে আলোচনা

ঢাকা থেকে কমনওয়েলথ দিবস উদ্‌যাপনের অনুষ্ঠানে যোগ দিতে সরকারি সফরে লন্ডনে পৌঁছে, বিমানবন্দরে দাঁড়িয়ে সেখানকার বাংলাদেশ হাইকমিশনারকে প্রত্যাহারের ঘোষণা দিয়ে আলোচনায় এসেছেন, বাংলাদেশের প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। তিনি হাইকমিশনারের বিরুদ্ধে 'হাইকমিশনকে আওয়ামীকরণ ও দেশের স্বার্থ না দেখার' অভিযোগ এনেছেন। মি. কবির যখন শনিবার হিথ্রো বিমানবন্দরে নেমে তার সিলেটের স্থানীয় উচ্চারণে হাইকমিশনার আবিদা ইসলামের প্রত্যাহারের ঘোষণা দেন, তখন তার পাশেই ছিলেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। উপদেষ্টা হুমায়ুন কবির 'সুখবর' আছে উল্লেখ করে ওই ঘোষণা দেওয়ার পর তাদের স্বাগত জানাতে যাওয়া

বাংলাদেশিদের কয়েকজন 'আলহামদুলিল্লাহ' বলে সন্তোষ প্রকাশ করেন ও হাততালি দিচ্ছেন, এমন ভিডিও টেলিভিশনের খবরে দেখা গেছে ও সামাজিক মাধ্যমে প্রচার হচ্ছে। উপদেষ্টার ঘোষণার পর আজ রবিবার ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয় আজ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, হাইকমিশনার আবিদা ইসলাম এবং পর্তুগাল, পোল্যান্ড, মেক্সিকো ও মালদ্বীপে চুক্তিভিত্তিক নিয়োগকৃত রাষ্ট্রদূতদের প্রত্যাহার করে ঢাকায় বদলি করা হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রগুলো বলছে, লন্ডনে ডেপুটি হাইকমিশনার নজরুল ইসলাম অনানুষ্ঠানিকভাবে হাইকমিশনারের দায়িত্ব পালন করতে শুরু করেছেন। যদিও কর্মরত কোনো রাষ্ট্রদূত কিংবা হাইকমিশনার যেই দেশে কর্মরত আছে, সেই দেশে গিয়ে প্রকাশ্যে সরকারের তরফ থেকে এভাবে প্রত্যাহারের ঘোষণা দেওয়াকে নজিরবিহীন বলছেন সাবেক কূটনীতিকরা। তাদের মতে, এটি সরকার ও দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছে। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র বলছে, এভাবে একজন হাইকমিশনারকে প্রত্যাহারের ঘোষণা নিয়ে প্রতিক্রিয়া তৈরি হয়েছে দেশে ও বিদেশে কর্মরত পেশাদার কূটনীতিকদের মধ্যেও।

**কী বলেছিলেন পররাষ্ট্র উপদেষ্টা**

কমনওয়েলথ দিবস উদ্‌যাপন ও কমনওয়েলথ মন্ত্রী পর্যায়ের বৈঠকে যোগ দিতে স্থানীয় সময় শনিবার রাতে লন্ডনে পৌঁছান পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান ও প্রতিমন্ত্রীর মর্যাদায় প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। সেখানে হাইকমিশনের কর্মকর্তারা ছাড়াও একদল প্রবাসী বাংলাদেশি তাদের স্বাগত জানান। এ সময় সাংবাদিকরা তাকে এই সফরের উদ্দেশ্য সম্পর্কে প্রশ্ন করেন। এক পর্যায়ে সাংবাদিকদের উদ্দেশ্যে মি. কবির বলেন, "একটা সুখবর আছে। হাইকমিশনার লন্ডনে এতদিন ডিভাইসিস বিহেভিয়ারে-কনডাক্টে কমিউনিটিকে ডিভাইড করে রাখছে। সে আওয়ামীকরণ করছে এই হাইকমিশনকে, আওয়ামীকরণের ধান্ধা নিয়া চলছে, কমিউনিটির ধান্ধা নাই, বাংলাদেশের ইন্টারেস্ট দেখে না, এই হাইকমিশনারকে প্রত্যাহার করা হয়েছে।„ এটুকু বলে তিনি আবার বলেন, "হাইকমিশনার আবিদা ইসলাম হ্যাজ বিন রিমুভড ফ্রম হার পোস্ট।„ আবিদা ইসলাম যুক্তরাজ্যে হাইকমিশনার হিসেবে নিয়োগ পাওয়ার আগে মেক্সিকো ও দক্ষিণ কোরিয়ায় বাংলাদেশের রাষ্ট্রদূত ছিলেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রগুলো বলছে, রবিবার লন্ডনে স্থানীয় সময় ৯টায় কানাডার পার্লামেন্টারি সেক্রেটারি রবার্ট ওলিপ্যান্টের সাথে বৈঠকের মধ্যদিয়ে মন্ত্রী ও উপদেষ্টার দিনের কর্মসূচি শুরু হওয়ার কথা। এছাড়া আজই কমনওয়েলথ পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক ছাড়াও যুক্তরাজ্য ও ভারতের প্রতিমন্ত্রীসহ বিভিন্ন দেশের মন্ত্রী-প্রতিমন্ত্রীদের সাথে বৈঠকের কথা রয়েছে। কর্মসূচি অনুযায়ী, সোমবার তারা বাংলাদেশ হাইকমিশনে গিয়ে কয়েকটি বৈঠকে অংশ নেবেন ও ওইদিন দিনের শেষে কমনওয়েলথ দিবসের সংবর্ধনায় যোগ দেওয়ার কথা রয়েছে। কিন্তু, উপদেষ্টা নিজেই হাইকমিশনার আবিদা ইসলামকে প্রত্যাহার করা হয়েছে বলে জানানোর পর এসব কর্মসূচিতে তিনি থাকছেন না বলেই মনে করা হচ্ছে। বিশেষ করে, আজ রোববারের কর্মসূচিগুলোতে তিনি থাকছেন না বলেই জানাচ্ছে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রগুলো।

**'নজিরবিহীন' ঘোষণায় 'বিস্ময়'**

নিয়ম অনুযায়ী, সরকার চাইলে বিদেশে কর্মরত যে-কোনো কূটনীতিককেই প্রত্যাহার কিংবা তার নিয়োগ বাতিল করে ঢাকায় ফিরে আসতে বলতে পারে এবং সেক্ষেত্রে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয় একটি চিঠি ইস্যু করে ওই কর্মকর্তাকে তা জানিয়ে দেন। অনেক সময় কোনো রাষ্ট্রদূত, হাইকমিশনার বা অন্য কোনো পর্যায়ের কুটনীতিককে প্রত্যাহারের সময় ঢাকায় মন্ত্রণালয়ে রিপোর্ট করার জন্য সময় বেধে দেওয়ারও উদাহরণ আছে। কূটনীতিকদের জন্য এগুলোকে স্বাভাবিক প্রক্রিয়া বলেই মনে করা হয়। যেটি আজ সোমবার মন্ত্রণালয় তার বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়েছে। কিন্তু সেসব পথে যাওয়ার আগে পররাষ্ট্রমন্ত্রীর উপস্থিতিতে, প্রতিমন্ত্রীর মর্যাদা সম্পন্ন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টার লন্ডনে গিয়ে বিমানবন্দরে দাঁড়িয়েই এভাবে হাইকমিশনার আবিদা ইসলামকে প্রত্যাহারের ঘোষণা মুহূর্তের মধ্যেই ঢাকা ও লন্ডনে কর্মরত বাংলাদেশি কূটনীতিকদের মধ্যে ছড়িয়ে পড়ে। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বলছেন, ফরেন সার্ভিসের পেশাদার কূটনীতিকদের জন্য এ ধরনের অভিজ্ঞতা অনেকটাই 'বিরল' এবং এ ঘটনায় তাদের মধ্যে বিস্ময়ের জন্ম দিয়েছে। সাবেক কূটনীতিকরা বলছেন, সরকারি সফরে গিয়ে নিজ দেশের হাইকমিশনারকে এভাবে প্রত্যাহারের ঘোষণা দিয়ে তাকেও যেমন অসম্মানিত করা হয়েছে, তেমনি দেশেরও ভাবমূর্তি ক্ষুণ্ন করা হয়েছে।

সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির বলছেন, একজন হাইকমিশনারকে সরকার সরাতেই পারে। কিন্তু তার একটা প্রক্রিয়া আছে। সরকারি কাঠামোতেই এ সিদ্ধান্ত হতে পারে। "কিন্তু প্রত্যাহারের সিদ্ধান্ত যেভাবে প্রকাশ করা হয়েছে, সেটি যৌক্তিক নয়। এতে শুধু হাইকমিশনারকেই ব্যক্তিগতভাবে আক্রমণ করা হয়নি, এতে দেশের ভাবমূর্তিও ক্ষুণ্ন হয়। এগুলো ভবিষ্যতে যারা পেশাদার কূটনীতিতে আসবেন, তাদের নিরুৎসাহিত করে,„ বিবিসি বাংলাকে বলেছেন মি. কবির। আরেকজন সাবেক রাষ্ট্রদূত মুন্সি ফয়েজ আহমেদ বলছেন, এভাবে একজন হাইকমিশনারকে প্রত্যাহারের ঘোষণায় যারা সিদ্ধান্ত নিয়েছেন, তাদের ও দেশের মুখ উজ্জ্বল হয়নি। "সবার আত্মমর্যাদার প্রতি শ্রদ্ধাশীল হওয়া উচিত। সবকিছুর একটা প্রক্রিয়া আছে। সরকারের উচিত, এসব বিষয়ে সচেতন হওয়া। কারণ এগুলো সরকারের ভাবমূর্তি উজ্জ্বল করে না,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

প্রসঙ্গত, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে সরকার গঠনের পর এই প্রথম বিদেশি কয়েকটি মিশনে পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হলো। পররাষ্ট্র মন্ত্রণালয় আজ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, যুক্তরাজ্যে নিযুক্ত হাইকমিশনার আবিদা ইসলাম এবং পর্তুগাল, পোল্যান্ড, মেক্সিকো ও মালদ্বীপে চুক্তিভিত্তিক নিয়োগকৃত রাষ্ট্রদূত ড. এম মাহফুজুল হক, মো. ময়নুল ইসলাম, এম মুশফিকুল আনসারী ও ড. মো. নাজমুল ইসলামকে প্রত্যাহার করে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে বদলি করা হয়েছে। এসব রাষ্ট্রদূত ও হাইকমিশনারকে অতিসত্বর ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরানে নতুন সর্বোচ্চ নেতা নির্বাচন করা হয়েছে, বলছে ইরানি গণমাধ্যম

ইরানের নতুন সর্বোচ্চ নেতা নির্বাচন করা হয়েছে বলে দেশটির গণমাধ্যম জানিয়েছে। ইরানের অ্যাসেম্বলি অব এক্সপার্টের সদস্য আহমাদ আলামোলহোদা জানিয়েছেন, নির্বাচন সম্পন্ন করা হয়েছে এবং নতুন সর্বোচ্চ নেতা নির্বাচিত হয়েছেন। তবে তিনি নাম প্রকাশ করেননি। ইরানের আধা সরকারি বার্তা সংস্থা মেহর নিউজ এজেন্সি জানিয়েছে, আহমাদ আলামোলহোদা জানিয়েছেন, সংখ্যাগরিষ্ঠ সদস্য ঐকমত্যে পৌঁছেছেন, কিন্তু এখনো কিছু প্রক্রিয়া বাকি রয়েছে। এখন বাকি প্রক্রিয়া নির্ভর করছে অ্যাসেম্বলি অব এক্সপার্ট সচিবালয়ের প্রধান হোসেইনি বুশেহরির, যিনি এই বিষয়ে প্রকাশ্যে ঘোষণা দেওয়ার জন্য দায়িত্বপ্রাপ্ত। অ্যাসেম্বলি অব এক্সপার্ট হচ্ছে ইরানের ৮৮জন ধর্মীয় জ্যেষ্ঠ আলেমের একটি কাউন্সিল, যাদের পপুলার ভোটে নির্বাচন করা হয়ে থাকে। সর্বোচ্চ নেতার শূন্যতায় পরবর্তী উত্তরাধিকারী নির্বাচনের দায়িত্ব এই কাউন্সিলের ওপরে থাকে। এর আগে, ইসরায়েল হুমকি দিয়ে বলেছে, ইরানে যাকেই নতুন সর্বোচ্চ নেতা নির্বাচন করা হবে, তাকেই তারা লক্ষ্যবস্তু করবে। গত শনিবার যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় নিহত হন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি।

(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## ইরানে 'অ্যাসিড বৃষ্টির, শঙ্কা জানাচ্ছে দেশটির রেড ক্রিসেন্ট

গত রাতে ইসরায়েলের হামলায় তেহরানের জ্বালানি মজুতের ট্যাংকগুলো প্রায় দশ ঘণ্টা পার হয়ে সকাল হওয়ার পরও এখনও আগুনে জ্বলছে বলে জানাচ্ছে বিবিসি ফারসি বিভাগ। বর্তমানে ঘন ধোঁয়া তেহরানের বিশাল অংশের আকাশ কালো ধোঁয়ায় ঢেকে রয়েছে। দূষণের প্রেক্ষিতে পরিবেশ সুরক্ষা সংস্থার তরফ থেকে নাগরিকদের অনুরোধ করা হয়েছে, যেন তারা খোলা জায়গায় যাওয়া থেকে বিরত থাকেন এবং যতটা সম্ভব বাড়িতে অবস্থান করেন। ইরানের রেড ক্রিসেন্ট এই আগুনের কারণে অ্যাসিড বৃষ্টি হওয়ার সম্ভাবনা নিয়ে সতর্ক করেছে। রেড ক্রিসেন্টের বিবৃতিতে বলা হয়েছে, "তেলের গুদামে বিস্ফোরণের ফলে বিপুল পরিমাণ বিষাক্ত হাইড্রোকার্বন, সালফার ও নাইট্রোজেন অক্সাইড বায়ুমণ্ডলে ও মেঘের মধ্যে প্রবেশ করে। ফলে বৃষ্টি হলে সেই বৃষ্টি অত্যন্ত বিপজ্জনক হয় এবং তাতে অ্যাসিডের বৈশিষ্ট্য থাকতে পারে।„ রেড ক্রিসেন্ট জানিয়েছে, এর ফলে ত্বকে রাসায়নিক প্রভাব বা জ্বালাপোড়া সৃষ্টি হতে পারে এবং ফুসফুসের গুরুতর ক্ষতি হতে পারে। তারা নাগরিকদের আরও অনুরোধ করেছে, "যদি এই বৃষ্টি ত্বকের সংস্পর্শে আসে, তবে কোনোভাবেই সেই জায়গা ঘষবেন না। শুধু টানা ঠান্ডা পানির মধ্যে ধরে রেখে ধুয়ে ফেলবেন। এই বৃষ্টিতে ভিজে যাওয়া কাপড় সঙ্গে সঙ্গে বদলে ফেলুন এবং সেগুলো একটি বন্ধ ব্যাগে রেখে দিন।„

(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## হিজবুল্লাহর সাথে সংঘর্ষে ইসরায়েলি দুই সেনা নিহত

ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে, গতকাল দক্ষিণ লেবাননে এক যুদ্ধে দুই সৈন্য নিহত এবং একজন অফিসার আহত হয়েছেন। রবিবার সেনাবাহিনী এক বিবৃতিতে জানায় যে, প্রথম নিহত ব্যক্তি হলেন ৩৮ বছর বয়সি সার্জেন্ট মাহের খাত্তার, যিনি ৯১তম ডিভিশনে কমব্যাট ইঞ্জিনিয়ারিং কর্পসের সদস্য ছিলেন। দ্বিতীয় নিহতের পরিবারকে অবহিত করা হয়েছে, কিন্তু তার নাম এখনও প্রকাশ করা হয়নি। এছাড়াও, একজন কর্মকর্তা সামান্য আহত হয়েছেন এবং তাকে চিকিৎসার জন্য হাসপাতালে নেওয়া হয়েছে বলে ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে। দক্ষিণ লেবাননের এই ঘটনার বিষয়ে ইসরায়েলি গণমাধ্যম সামরিক সূত্রের বরাত দিয়ে জানিয়েছে যে, রাতে দক্ষিণ লেবাননের একটি স্থানে বিকল হয়ে পড়া একটি যানবাহন উদ্ধার করতে গিয়ে ইসরায়েলি সেনারা অভিযান চালাচ্ছিল। সেই সময় তাদের লক্ষ্য করে কয়েকটি ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়। ক্ষেপণাস্ত্রের ধরন নিয়ে এখনও তদন্ত চলছে। এতে দুইজন সেনা নিহত এবং আরেকজন আহত হন। ঘটনার পরপরই ইসরায়েলি বিমান বাহিনী ওই এলাকায় ব্যাপক বিমান হামলা চালায়।

(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## ইরানে স্কুল, হাসপাতাল এবং ঐতিহাসিক বেশ কিছু স্থাপনা মারাত্মক ক্ষতিগ্রস্ত

স্যাটেলাইট ছবি এবং বিবিসির যাচাই করা ভিডিওতে দেখা গেছে যে, শনিবার ইরানে মার্কিন ও ইসরায়েলি হামলা শুরু হওয়ার পর থেকে স্কুল, একটি হাসপাতাল এবং ঐতিহাসিক বেশ কিছু স্থাপনা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। একই সাথে ইরানে বেসামরিক জনগণের মৃত্যুর সংখ্যা ক্রমাগত বাড়ছে বলে জানা গেছে। যুক্তরাষ্ট্রভিত্তিক "হিউম্যান রাইটস

অ্যাকটিভিস্ট নিউজ এজেন্সি„ এইচআরএএনএ জানাচ্ছে, ১,১৬৮ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছে, যার মধ্যে ১৯৪ জন শিশু রয়েছে। ইরানের তরফ থেকে বলা হচ্ছে যে, ১৩টি চিকিৎসাসংক্রান্ত স্থাপনা, যার মধ্যে ৯টি রেড ক্রিসেন্টের ছিল, সেগুলোতে হামলা করা হয়েছে। বিবিসির ভেরিফাই রবিবার সকাল পর্যন্ত যে ক্ষয়ক্ষতির নথিভুক্ত করেছে, তার মধ্যে একটি হাসপাতাল, ক্রীড়া কমপ্লেক্স, একটি ইউনেস্কোর তালিকাভুক্ত ঐতিহ্যবাহী স্থান এবং দুটি স্কুল ক্ষতিগ্রস্ত হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## ইসরায়েলে প্রায় ২,০০০ জন হাসপাতালে

ইরানের সাথে সংঘাত শুরুর পর থেকে ইসরায়েলে প্রায় ২,০০০ জন হাসপাতালে ভর্তি হয়েছে বলে জানিয়েছে দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়। বলা হচ্ছে, যুদ্ধ শুরু হওয়ার পর এক সপ্তাহের কিছু বেশি সময়ে মোট ১,৯২৯ জন আহত ব্যক্তিকে হাসপাতালে নেওয়া হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, তাদের মধ্যে ১২২ জন এখনও হাসপাতালে ভর্তি রয়েছেন। এর মধ্যে নয়জনের অবস্থা "গুরুতর„, যদিও তারা "সরাসরি ক্ষেপণাস্ত্র হামলার কারণে„ হাসপাতালে ভর্তি হয়নি বলে উল্লেখ করা হয়েছে। গত ২৪ ঘণ্টায় ১৫৭ জনকে চিকিৎসা দেওয়া হয়েছে বলেও জানানো হয়েছে। আজ সকাল স্থানীয় সময় ৭টায় এই বিবৃতি প্রকাশ করা হয়। এদিকে, ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী তাদের টেলিগ্রাম চ্যানেলে জানিয়ে যাচ্ছে যে, ইরান থেকে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ অব্যাহত রয়েছে। তারা বলেছে, "হুমকি প্রতিহত করতে প্রতিরক্ষা ব্যবস্থা কাজ করছে।„(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## আরব আমিরাতের একজন বাসিন্দা নিহত

সংযুক্ত আরব আমিরাত কয়েক দফায় "ইরান থেকে আসন্ন ক্ষেপণাস্ত্র এবং ড্রোন„ ঠেকানোর কথা জানিয়েছে। কিন্তু ঠেকানো অস্ত্রের একটি টুকরা ভূপাতিত হয়ে দুবাইয়ের একজন বাসিন্দা নিহত হয়েছেন বলে জানা গেছে। রবিবার আরব আমিরাতের কর্মকর্তারা জানান যে, বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রগুলিকে প্রতিহত করছে, অন্যদিকে যুদ্ধবিমানগুলি ড্রোন এবং অন্যান্য আকাশযানকে ঠেকনোর কাজ করছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ এলিনা)

## ইরানের হামলার পর তেলআবিবে বিস্ফোরণ, আকাশে ধোঁয়া

ইসরায়েলে ইরানের ক্ষেপণাস্ত্র আঘাত হানার পর তেলআবিবের একটি স্থানে ধোঁয়া উঠতে দেখা যাচ্ছে। এর আগে, ইসরায়েলি সেনাবাহিনী ইরানের ছোঁড়া নতুন দফায় ক্ষেপণাস্ত্র হামলার বিষয়ে সতর্ক করেছিল এবং জানিয়েছিল যে, "প্রতিরক্ষা ব্যবস্থা হুমকি প্রতিহত করার জন্য কাজ করছে।„ ইসরায়েলি বিভিন্ন শহরে সাইরেনও বাজানো হচ্ছিল, যার মাঝে তেলআবিবে বিস্ফোরণের শব্দ শোনা যায়। ইসরায়েলের উপর আজ দ্বিতীয় দফায় ক্ষেপণাস্ত্র হামলা হলো। এর এক ঘণ্টা আগে ইরানের বিপ্লবী গার্ড ঘোষণা দিয়েছিল যে, তারা বেয়ারশেবা এবং তেল আভিভ লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র হামলা চালাতে যাচ্ছে। ইসরায়েলের জরুরি চিকিৎসা সেবা সংস্থা পৃথক এক বার্তায় জানিয়েছে, ইসরায়েলের দিকে `গুলিবর্ষণের, পর ছিটকে আসা ধাতব টুকরোর আঘাতে আহত তিনজনকে তারা চিকিৎসা দিচ্ছেন। তবে দেশের কোন এলাকায় এই ঘটনা ঘটেছে, তা তারা উল্লেখ করেনি। (বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রনি)

# এনএইচকে

## ট্রাম্পের প্রাক্তন কর্মকর্তা চীন ও রাশিয়ার ইরানের প্রতি সীমিত সমর্থনের কথা উল্লেখ করেছেন

ইরান তার মধ্যপ্রাচ্যের প্রতিবেশীদের উপর আক্রমণ করার পর চীন ও রাশিয়ার ইরানের প্রতি সমর্থন সীমিত হয়ে পড়েছে বলে মনে হচ্ছে, যাদের সাথে দেশ দুটি ব্যবসা করতে আগ্রহী। শুক্রবার এনএইচকের সাথে এক ভিডিও সাক্ষাৎকারে অংশ নেন ফ্রেড ফ্লেইটজ। তিনি ট্রাম্পের প্রথম প্রশাসনে তার ডেপুটি অ্যাসিস্ট্যান্ট এবং জাতীয় নিরাপত্তা পরিষদের চিফ অফ স্টাফ ছিলেন। ইরানের সাথে সহযোগিতামূলক সম্পর্ক থাকা চীন ও রাশিয়া সম্পর্কে ফ্লেইটজ বলেন, যখন ইরান মধ্যপ্রাচ্যের এই সমস্ত দেশগুলোতে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ শুরু করে, যাদের সাথে রুশ এবং চীনারা ব্যবসা করতে চায়, তখন মস্কো এবং বেইজিং খুশি হয় না।„ ইরানের বিরুদ্ধে মার্কিন-ইসরায়েলি সামরিক অভিযানের বিষয়ে ফ্লেইটজ বলেন, তারা খুবই সফল হয়েছে এবং যুক্তরাষ্ট্র ও ইসরায়েল এখন আকাশপথে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে। ফ্লেইটজ এই মতামত ব্যক্ত করেন যে, আমেরিকা কোনও বড়ো ধরনের বাধা ছাড়াই স্বাধীনভাবে বিভিন্ন অভিযান পরিচালনা করতে সক্ষম হয়েছে। তিনি বলেন, আমেরিকা নির্ভুল-নির্দেশিত বোমা ব্যবহার করে বিস্তৃত অঞ্চলে আক্রমণ শুরু করতে পারে, যা তাদের কাছে প্রচুর পরিমাণে রয়েছে এবং ক্রুজ ক্ষেপণাস্ত্রের চেয়ে কম দামের। ফ্লেইটজ উল্লেখ করেন যে, ট্রাম্প কংগ্রেসে মার্কিন সশস্ত্র বাহিনী মোতায়েনের বিষয়ে প্রথম রিপোর্ট করার ৬০ দিন পরে, আইন প্রণেতারা যুদ্ধ ঘোষণা না করলে বা পদক্ষেপ গ্রহণের অনুমোদন দেওয়ার জন্য আইন পাস না করলে, তাদের ব্যবহার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যায়। ফ্লেইটজ ইঙ্গিত দেন যে, ট্রাম্প সম্ভবত সেই সময়ের মধ্যেই সামরিক অভিযান শেষ করার কথা ভাবছেন। (এনএইচকে ওয়েবপেইজ: ০৮.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## বাংলাদেশের অদম্য নারীদের অগ্রযাত্রার আখ্যান

বাংলাদেশের নারীদের গল্প যেন একেকটি সংগ্রামের আখ্যান। তাদের কেউ পর্বত জয় করেছেন, কেউ শারীরিক প্রতিবন্ধকতা কাটিয়ে হয়েছেন সফল। কেউ টেনে তুলেছেন বিপর্যস্ত পরিবারকে, কেউ ঝুঁকি জেনেও বিনিয়োগ করে পেয়েছেন সাফল্য। আমলাতন্ত্রের সর্বোচ্চ পদ সচিব থেকে শুরু করে প্রশাসনের বিভিন্ন পর্যায়ে দক্ষতার সঙ্গে কাজ করছেন বাংলাদেশের নারীরা। সশস্ত্র বাহিনী, পুলিশ, আনসারসহ বিভিন্ন বাহিনীতেও সমানতালে অবদান রাখছেন তারা। বেসরকারি কর্মক্ষেত্রের পাশাপাশি, উদ্যোক্তা হিসেবেও খ্যাতি পেয়েছেন অনেক নারী। আছে প্রতিকূলতা, আছে সামাজিক বাধা, কিন্তু সব ছাপিয়ে নিজ গুণে ভাস্বর হয়ে এগিয়ে চলেছেন নারী। পাহাড় থেকে সমতল সবখানেই নারীর অগ্রযাত্রা এখন চোখে পড়ার মতো।

### নিশাতের কাছে বাধার আইকন পাহাড়

বাংলাদেশের প্রথম নারী হিসেবে বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ এভারেস্ট জয় করে নিজেকে চিনিয়েছেন নিশাত মজুমদার। এই পর্বতারোহীর কাছে পর্বত জয় করার অর্থ শুধু আক্ষরিক কিছু নয়। বরং তিনি এটিকে দেখছেন নারীর অগ্রযাত্রার একটি প্রতীকী রূপ হিসেবে। নিশাত বলেন, ”আমরা নারীরা বাধা পেরিয়ে যেতে চাই, যাচ্ছি। আমার পাহাড় জয় আসলে পাহাড় জয় করা নয়, এটা বাধা জয় করা। পাহাড় আমার কাছে একটা সবচেয়ে বড়ো বাধার আইকন। আমি ওই বাধা পেরিয়ে যেতে চেয়েছি। আমার মনে হয়, বিধাতা আমার সেই স্বপ্ন পূরণ করেছে।„ এই নারী পর্বতারোহী এখন স্বপ্ন দেখছেন, নারীরা যেন পাহাড়সম বাধা ডিঙিয়ে নিজ লক্ষ্য পূরণ করতে পারেন। হিসাব বিজ্ঞানে স্নাতক ও মাস্টার্স ডিগ্রিধারী নিশাত মজুমদার মাউন্ট এভারেস্ট জয় করেন ২০১২ সালে। কিন্তু পাহাড়ে ঘুরে বেড়ানো বা পাহাড় আরোহণ করার নেশাটা শুরু হয়েছিল আরো আগেই, ২০০৩ সালের কথা। তখন তার দুরন্ত কৈশোরের সময়। পাহাড়ের প্রতি অনুভব করলেন তীব্র টান। সেই টান তাকে পর্বতারোহী বানিয়ে ছাড়ল। আর তখন থেকেই স্বপ্ন দেখছিলেন, পৃথিবীর সর্বোচ্চ চূড়া জয়ের। তিনি বলেন, ”আমরা পাঁচজন মেয়ে একসঙ্গে হিমালয়ে গিয়েছিলাম। তখন কথা উঠেছিল, শুধু নারীদের একটা দল কীভাবে হিমালয়ে যাবে। এটা কীভাবে সম্ভব! কিন্তু সবার কথা আর উদ্বেগকে উপেক্ষা করে আমি সফল হয়েছি।„ নিশাত আরো বললেন, ”আর হিমালয় জয়ের পর আমি মানুষের যে ভালোবাসা পেয়েছি, তা আমাকে স্বপ্ন দেখতে উদ্বুদ্ধ করেছে। আরো অনেক নারীকে নিয়ে কাজ করতে সাহস জুগিয়েছে।„ পাহাড়ের প্রতি ভালোবাসাটা আরো তীব্র হয়েছে নিশাতের। যে-সব নারীরা পর্বত বিজয়ের স্বপ্ন দেখেছেন, তাদের প্রশিক্ষণ দিচ্ছেন তিনি। ২৫ জন তরুণীর একটি দল নিয়ে এখন কাজ করছেন তিনি। তিনি বলেন, ”এই কাজে অর্থ একটি বড়ো বাধা। এর জন্য যেমন আছে খরচ, তেমনি নানা ধরনের সামাজিক বাধাও আছে।„ তবুও এসব প্রতিবন্ধকতা ঠেলে এগিয়ে যাচ্ছেন তিনি। অর্থের চাহিদা মেটাতে বিভিন্ন স্পন্সরের ওপর নির্ভর করতে হয় বলে জানালেন তিনি। নারীদের ভয়টা ভেঙে ফেলতে চান নিশাত। বলেন, ”বাধা পেরোনোর জন্য সাহসী করতে চাই। আমি চাই, তারা পাহাড়সম বাধা যেন ডিঙাতে পারে।„ পারিবারিক সহযোগিতার গুরুত্বটিও তুলে ধরলেন এই নারী পর্বতারোহী। তিনি বলেন, ”আমি সৌভাগ্যবান যে, আমি এই কাজে আমার পরিবারকে সব সময় পাশে পেয়েছি। বিয়ের পর আমি আমার স্বামীর সহায়তা পাচ্ছি। আমার এখন তিন সন্তান। সব কিছুর পরও আমার কাজে কোনো সমস্যাই হচ্ছে না। কিন্তু সবার ক্ষেত্রে এরকম হয় না। কিন্তু তারপরও তারা এগিয়ে যাচ্ছেন।„

### আরো বহুদূর যেতে চান নেপালি

একজন আদিবাসী নারী নেপালি চাম্বুগং। শৈশবেই পোলিও আক্রান্ত হয়েছিলেন তিনি। তাতেই অচল হয়ে পড়ে তার দুটি পা। পড়াশোনাটা খুব একটা এগোয়নি। কোনো রকম প্রাথমিক পর্যন্ত শেষ করতে পেরেছেন। শৈশব থেকে জীবন সংগ্রাম শুরু হয় নেপালির। তবে সময় এখন বদলছে। ময়মনসিংহ শহরেই আছেন। এখন তিনি আদিবাসীদের নানা ধরনের পোশাক, হাতের কাজের বিভিন্ন কিছু, শতরঞ্জি ও শৈল্পিক জিনিসপত্র তৈরি করেন। কাজ শিখতে আগ্রহীদের প্রশিক্ষণও দিচ্ছেন। তার তৈরি করা পণ্য এখন দেশের গণ্ডি ছাড়িয়ে বিদেশেও যাচ্ছে। শারীরিক প্রতিবন্ধকতা, শিক্ষা, কিংবা সমাজ- কোনো কিছুই তার জন্য বাধার দেয়াল তৈরি করতে পারেনি। নিজ যোগ্যতায় নিজের পায়ে দাঁড়িয়েছেন নেপালি। পরিবারকেও সহায়তা করে চলেছেন। নেত্রকোণার সুসং দুর্গাপুরে তার বাড়ি। শৈশবের দিনগুলো খুব একটা সুখকর ছিল না তার জন্য। চলৎ শক্তি হারালে, তাকে নিয়ে বিপাকে পড়েন তার পরিবারও। নেপালি বলেন, ”গ্রামের লোক তখন আমাকে নিয়ে নানা কথা বলত। আমার ভবিষ্যৎ কী হবে, তা নিয়েও তারা নেতিবাচক কথা বলত। বলতে গেলে, আমার পরিবার আমাকে নিয়ে বিপর্যয়ের মুখে পড়ে। তখন আমি সিদ্ধান্ত নিলাম, আমি নিজের পায়ে দাঁড়াব। সেই থেকে আমার শুরু।„ গ্রামের এক বড়ো ভাইয়ের সহায়তায় তিনি ময়মনসিংহ শহরে চলে আসেন ২০০৪ সালে,

একা। তখন তার বয়স ১৩-১৪ বছর। `প্রতিবন্ধী আত্ম উন্নয়ন সংস্থা' নামের একটি এনজিও থেকে প্রশিক্ষণ নিয়েছেন। তারপর তাকে আর পেছন ফিরে তাকাতে হয়নি নেপালিকে। তার সঙ্গে আরো ২৫ জন নারী এখন কাজ করেন সরাসরি। এর বাইরে আরো ২৫০ জন নারীকে নানাভাবে সহায়তা করছেন তিনি। বাড়ি ছেড়ে আসার সেই স্মৃতি আজও মনের কোণে দাগ কাটে তার। নেপালি চাম্বুগং আবেগি কণ্ঠে বলেন, ”আমার পরিবার আমাকে ছাড়তে চাচ্ছিল না। কিন্তু আমি কী করব! আমার তো আর কোনো পথ ছিল না। মা-বাবা, বোনদের ছেড়ে আসতে আমার অনেক কষ্ট হচ্ছিল। আমার ভবিষ্যৎ কী হবে, তাও জানতাম না। শুধু জানতাম আমাকে বাঁচতে হলে নিজের পায়ে দাঁড়াতে হবে।„ তিনি এখনও এনজিও,র সহায়তা নিয়েই কাজ করেন। তার তৈরি পণ্যগুলো নির্দিষ্ট পরিমাণ লভ্যাংশ দিয়ে কিনে নেয় এনজিও। সময়ের সঙ্গে সঙ্গে নেপালির কাজের পরিধিও বাড়ছে। তিনি বলেন, ”আমার এখন আর কোনো দুঃখ নেই। আমি নিজে কাজ করছি। অন্যদের কাজ দিচ্ছি। তাদের প্রশিক্ষণ দিচ্ছি। এতে আমার অনেক আনন্দ। আমি নিজের পায়ে দাঁড়াতে পেরেছি।„ তার বাবা-মা এখন আর বেঁচে নেই। দুই বোনকে তিনিই পড়াশুনা করিয়েছেন। তিন বোনের মধ্যে তিনি দ্বিতীয়। বড়ো বোনকে বিয়ে দেওয়ার দায়িত্বটিও নিজের কাঁধেই নিয়েছিলেন নেপালি। ছোট বোনকে পড়ালেখা করার সুযোগ করে দিয়েছেন, করেছেন উচ্চ শিক্ষিত। নেপালি বলেন, ”আমি নিজে পড়াশুনার তেমন সুযোগ পাইনি। কিন্তু আমার ছোটো বোনকে মাস্টার্স পাশ করিয়েছি। এতে আমার গর্ব হয়।„ ৩৮ বছরের এই নারী এখনও বিয়ের পিঁড়িতে বসেননি। এ প্রসঙ্গে বলেন, ”যাদের নিয়ে আমি কাজ করি, তারাই আমার পরিবার। আমি তাদের নিয়ে আরো বহুদূর যেতে চাই।„

**হাজার টাকা পুঁজি নিয়ে সফল অনুজা**

পাবনার মেয়ে অনুজা সাহা এ্যানির গল্পটা অন্যদের চেয়ে কিছুটা ভিন্ন। শিক্ষক পরিবারের সন্তান অনুজা। আর বিয়ে হয়েছিল একটি ব্যবসায়ী পরিবারে। ভালোবেসেই জীবনসঙ্গী বেছে নিয়েছিলেন তিনি। সবকিছু ভালোই চলছিল। কিন্তু ব্যবসায়িক কাজে প্রতারণার শিকার হন তার স্বামী। ব্যবসা গুটিয়ে গেলে পুরো পরিবার পড়ে বিপর্যয়ের মুখে। কিন্তু ভেঙে না পড়ে, ঘুরে দাঁড়ানোর যুদ্ধটা শুরু করেন অনুজা। শুনে অবাক লাগলেও মাত্র এক হাজার টাকার পুঁজি নিয়ে ব্যবসা শুরু করেন এই নারী। শুরুতে পিঠা বানিয়ে বিক্রি করতেন তিনি। সেখান থেকেই আজকের সফল উদ্যোক্তা। এখন তার রয়েছে রেস্টুরেন্ট ব্যবসা, বুটিক হাউজ। আছে ফুড সাপ্লাইয়ের ব্যবসা। পুরো পাবনায় ছড়িয়ে পড়েছে এই নারী উদ্যোক্তা ও তার পণ্যের সুনাম। অনুজা বলেন, ”২০১৪ সালেই আমার স্বামীর ব্যবসা  শেষ হয়ে যায়। তখন যে আমি চাকরি খুঁজব, সেই উপায়ও ছিল না। কারণ চাকরির আবেদন করতে ব্যাংক ড্রাফট-এর জন্য যে টাকা লাগে, সেটা খরচ করার মতো পর্যাপ্ত অর্থও আমার কাছে ছিল না। চারদিকে অন্ধকার দেখছিলাম। আর প্রেম করে বিয়ে করার কারণে বাবার পরিবার থেকেও বিচ্ছিন্ন ছিলাম। তাদের কাছ থেকেও তাই সহায়তা চাইনি।„ রান্নার হাত তার বরাবরই ভালো ছিল। সেলাইয়ের কাজটিও ছিল জানা। অবশেষে নিজের এক হাজার টাকা নিয়ে বাসায় বসেই একটি বিশেষ পিঠা তৈরি করেন।

প্রতিবেশী একটি পরিবার অবশ্য তাকে এই কাজে উৎসাহ জুগিয়েছিলেন। তারাই তাকে ওই পিঠা বিক্রিতে সহায়তাও করেছেন। প্রথম দিনেই দুধ, চিনি, নারকেল আর ময়দা দিয়ে বানানো নকশি পিঠা বেশ প্রশংসিত হয়। আর প্রথম মাসেই তার আয় হয় ১৭ হাজার টাকা। অনুজা বলেন, ”এরপর পণ্যে বৈচিত্র্য আনি। নানা ধরনের পিঠা ছাড়াও আরো অনেক ফুড আইটেম বানাতে শুরু করি। অর্ডারও আসতে থাকে প্রচুর। নিজের সরবরাহ সিস্টেম গড়ে তুলি। ২০২১ সালে শহরে `মায়ের পরশ' নামে একটি খাদ্যপণ্যের দোকান খুলে ফেলি। এর মধ্যে বুটিকের কাজও শুরু করি। চালু করি বুটিক হাউজ `মন ময়ূরী'। আর প্রতিষ্ঠিত হয়ে যায় ডেলিভারি সার্ভিস অর্ণব অ্যান্ড কো.।„ শুরুতে পরিবারের কেইউ এই কাজে সহায়তা করেনি অনুজাকে। এমনকি, এমন ব্যবসার কারণে তার সঙ্গে কথা বলা বন্ধ করে দিয়েছিল তার মা। এই নারী উদ্যোক্তার সঙ্গে এখন তার স্বামীও যুক্ত হয়েছেন। পূর্ণ সহযোগিতা দিচ্ছেন পরিবারের অন্য সদস্যরাও। তার প্রতিষ্ঠানে কাজ করছেন অন্তত ২৫ জন। তিনি বলেন, ”আমি কম দামে বিরিয়ানি খাওয়ার ব্যবস্থা করেছি। মাত্র ১০০ টাকায় আমি উন্নত মানের চিকেন বিরিয়ানি দিই। এর চাহিদা প্রচুর। আমার সব ধরনের পণ্যের সুখ্যাতি আছে। দেশের অন্য জেলায়ও আমি আমার ব্যবসা বাড়ানোর পরিকল্পনা করছি। আমি মানের সাথে আপোশ করি না। পুরো উৎপাদন প্রক্রিয়া তদারকি করি।„ এই ব্যবসায় যুক্ত হয়ে তিনি প্রয়োজনীয় প্রশিক্ষণ নিয়েছেন, নিচ্ছেন ধারাবাহিকভাবে। আর কর্মচারীদের তিনি নিজেই প্রশিক্ষণ দিচ্ছেন।

**ইসমতের সাফল্যে হাসনা হেনার মৌতাত**

ঢাকার অদূরে পূবাইলে একটি রিসোর্ট ও শুটিং এবং পিকনিক স্পট পরিচালনা করছেন ইসমত আরা চৌধুরী। প্রতিষ্ঠানটির নাম দিয়েছেন হাসনা হেনা পিকনিক স্পট। পুরো প্রকল্পটি তিলে তিলে দাঁড় করিয়েছেন ইসমত। পরিবারের অন্য কোনো সদস্য এই ব্যবসার সঙ্গে যুক্ত নন। তার সন্তানেরাও যে যার মতো ব্যস্ত। স্বামী অবসর জীবন-যাপন করছেন। কিন্তু ইসমত আরা চৌধুরীর কোনো অবসর নেই। সারাদিন তিনি তার রিসোর্ট নিয়েই ব্যস্ত থাকেন। শুরুটা কীভাবে হলো, সেই গল্পটা জানিয়েছেন ইসমত। তিনি বলেন, ”আসলে আমার শ্বশুরের পূবাইলে অনেক আগে কেনা

জমি ছিল। সেখান থেকে ১৫ বিঘা জমি পান আমার স্বামী। কিন্তু ওই জমি বেদখল হয়ে গিয়েছিল। অন্যরা দখল করে নেয়। আর ওই জমি উদ্ধারের কোনো চেষ্টাও ছিল না। ২০০৪ সালে আমি এক রকম জোর করেই স্বামীকে ওই জমিতে নিয়ে যাই।"সেই থেকে শুরু হয় ইসমত আরা চৌধুরীর উদ্যোক্তা হওয়ার গল্প। নিজেই জমির কাগজপত্র জোগাড় করেন। স্থানীয়দের সঙ্গে যোগাযোগ তৈরি করেন। জনপ্রতিনিধিদের সহায়তা নিয়েছেন। তারপর জমির দখল ফিরে পান। ইসমত বলেন, "আমি জমির দখল ধরে রাখতে স্থানীয়দের পরামর্শে ওই জমিতে দেয়াল দিয়ে একটি ছোটো ঘর তৈরি করি। আমার খালু হলেন নাট্যকার মামুনুর রশীদ। তিনি বললেন, তুই যদি আমাদের এখানে বড়ো একটি থাকার ঘর করে দিতে পারিস, তাহলে এখানে আমরা নাটক করতে পারি। সেই থেকে আমার শুরু।„

২০০৮ সালে ব্যাংক থেকে নারী উদ্যোক্তা ঋণ নিয়ে বাণিজ্যিকভাবে রিসোর্ট পরিচালনা শুরু করেন তিনি। এরপর আরো বহুবার ঋণ নিয়েছেন। আগামীতেও আরো ঋণ নেওয়ার আগ্রহের কথাও জানালেন অকপটে। তিনি বলেন, "আমি ঠিক সময়ে ঋণ শোধ করে দিই। ফলে আমার ঋণ পেতে কোনো সমস্যা হয় না। আমাকে ব্যাংক ঋণ দেওয়ার জন্য সব সময়ই প্রস্তুত থাকে।„ রিসোর্টটিতে পাঁচতারা মানের সুইমিংপুল, বাংলো, খেলার মাঠ সবই আছে। সার্বক্ষণিক ১০ জন কর্মী কাজ করেন। আর কোনো ইভেন্ট, পিকনিক বা শুটিং ইউনিটের জন্য প্রয়োজনীয় লোকবলসহ সব কিছুর ব্যবস্থা করেন তিনি। ফলে তার এই রিসোর্টকে কেন্দ্র করে আরো অনেকের কর্মসংস্থান সুযোগ তৈরি হয়েছে। অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলে ১৫ বছর শিক্ষকতার পর চাকরি ছেড়ে দিয়ে তিনি এই রিসোর্ট ব্যবসা শুরু করেন। একজন সমাজসেবী হিসেবেও পরিচিতি আছে তার। তার রিসোর্টেই তিনি আয়োজন করেন চিকিৎসাসহ নানা ধরনের সেবামূলক কাজের। ফলে স্থানীয়দের সঙ্গে তার একটি আত্মিক সম্পর্ক গড়ে উঠেছে।

ইসমত আরা চৌধুরী বলেন, "আমার পরিবারের কেউ আমার সঙ্গে এই ব্যবসায় না থাকলেও, আমার বন্ধু-বান্ধব এবং স্থানীয়রা আমাকে অনেক সহায়তা করেন। নয়তো প্রতিদিন ঢাকা থেকে গিয়ে এই রিসোর্ট দাঁড় করানো সম্ভব ছিল না।„ অধ্যাপক ড. আহমদ শরীফের পুত্রবধূ ইসমত আরা চৌধুরী বলেন, "আমার শ্বশুরের সঙ্গে পাশাপাশি বাসায় আমি ১৫ বছর ছিলাম। তিনিই আমাকে দিয়েছেন নতুন জীবনবোধ আর সাহস। এটা আমার যে শুধু ব্যবসা তা নয়, মানুষের জন্য কাজ করারও একটি জায়গা, আমার বিনোদন।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানের জ্বালানি স্থাপনায় ইসরায়েলি হামলা

ইরানের কয়েকটি জ্বালানি স্থাপনা বা সংরক্ষণাগারে শনিবার হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে ইসরায়েলি সেনাবাহিনী। এদিন ইরানের রাজধানী তেহরান ও পাশের শহর কারাজে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এক বিবৃতিতে ইসরায়েলি সামরিক বাহিনী জানিয়েছে, "ইরানের সন্ত্রাসী শাসনব্যবস্থা পরিচালিত সামরিক বাহিনী এই জ্বালানি সংরক্ষণাগারগুলো সামরিক স্থাপনা পরিচালনায় ব্যবহার করত।„ এতে আরো বলা হয়েছে, "এগুলোর মাধ্যমে ইরান দেশটির সেনাবাহিনীসহ বিভিন্ন সংশ্লিষ্ট পক্ষকে জ্বালানি সরবরাহ করত।„ ইরানের দিক থেকে আসা হুমকি ও দেশটির সামরিক সক্ষমতা দুর্বল না হওয়া পর্যন্ত ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) তাদের অভিযান অব্যাহত রাখবে বলেও বিবৃতিতে বলা হয়েছে। হামলার কিছু ভিডিও সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে। ইরানে আক্রমণ শুরু করার পর দেশটির জ্বালানি অবকাঠামোর ওপর এটিই প্রথম হামলা বলে ধারণা করা হচ্ছে। ২৮ ফেব্রুয়ারি ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরু করে যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল। তারা দাবি করেছে, ইরানের পারমাণবিক এবং ক্ষেপণাস্ত্র কর্মসূচিকে লক্ষ্য করেই এই হামলা করা হচ্ছে। ইরানের সরকারকে ক্ষমতাচ্যুত করারও ইঙ্গিত দিয়েছে তারা। এর পর থেকে মধ্যপ্রাচ্যের বিভিন্ন তেল শোধনাগার, গ্যাস স্থাপনা এবং তেলবাহী জাহাজে হামলা চালিয়েছে ইরান। এর ফলে, বিশ্ববাজারে জ্বালানি সরবরাহ এবং বাণিজ্য ব্যাহত হয়েছে, বেড়ে গেছে তেলের দাম। এতে সরবরাহ ঘাটতির আশঙ্কাও তৈরি হয়েছে।

ছয়মাস পর্যন্ত `তীব্র যুদ্ধ, চালিয়ে যেতে পারব: আইআরজিসি ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) দাবি করেছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে অন্তত ছয়মাস পর্যন্ত `তীব্র যুদ্ধ, চালিয়ে যাওয়ার সক্ষমতা রয়েছে ইরানের। সরকারি সংবাদ সংস্থা ফার্স নিউজকে দেওয়া এক বিবৃতিতে আইআরজিসি-এর একজন মুখপাত্র বলেছেন, "বর্তমান গতিতে অন্তত ছয়মাস তীব্র যুদ্ধ চালিয়ে যেতে পারবে„ ইরানের সামরিক বাহিনী। এতে আরো বলা হয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ঘাঁটি ও স্থাপনার সঙ্গে যুক্ত মধ্যপ্রাচ্যের দুইশটি স্থানে হামলা চালিয়েছে আইআরজিসি। হোয়াইট হাউস গত সপ্তাহে জানিয়েছে, যুক্তরাষ্ট্র-ইসরায়েল যৌথ সামরিক অভিযান চার থেকে ছয় সপ্তাহের মধ্যেই লক্ষ্য পূরণে সক্ষম হবে বলে আশা করা হচ্ছে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রুবাইয়া)

## তেহরানে বন্ধ জ্বালানি বিতরণ

ইরানের রাজধানী তেহরানের কয়েকটি জ্বালানি সংরক্ষণাগারে ইসরায়েলের হামলার পর শহরটিতে তেল বিতরণ সাময়িকভাবে বন্ধ রয়েছে। রোববার দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থা আইআরএনএ এ তথ্য জানিয়েছে। শনিবার রাতে তেহরান ও তার পাশের শহরে তেল সংরক্ষণাগারে ইসরায়েলের তীব্র ক্ষেপণাস্ত্র হামলার পর খবরটি সামনে এলো। তেহরানের গভর্নর মোহাম্মদ সাদেঘ মোতামেদিয়ানকে উদ্ধৃত করে আইআরএনএ জানিয়েছে, "জ্বালানি সরবরাহ

নেটওয়ার্কে ক্ষতিগ্রস্ত হওয়ায় বিতরণ সাময়িক বন্ধ রয়েছে।„ ”সমস্যাটি দ্রুত সমাধান করা হচ্ছে„ বলেও জানিয়েছেন তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### `শ্রেষ্ঠ অদম্য নারী, সম্মাননা পেলেন খালেদা জিয়া

গণতন্ত্রের অগ্রযাত্রায় অসামান্য অবদানের জন্য `শ্রেষ্ঠ অদম্য নারী, সম্মাননা (মরণোত্তর) পেয়েছেন সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া। খালেদা জিয়ার পক্ষে পুরস্কার গ্রহণ করেছেন তার নাতনি ও প্রধানমন্ত্রী তারেক রহমানের মেয়ে ব্যারিস্টার জাইমা রহমান। রোববার দুপুরে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে `অদম্য নারী পুরস্কার-২০২৬, দেওয়া হয়। পুরস্কারপ্রাপ্তদের হাতে সম্মাননা তুলে দেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। অন্যান্য বছরের মতো এবারও পাঁচটি ক্যাটাগরিতে পাঁচজন নারীকে `শ্রেষ্ঠ অদম্য নারী, হিসেবে পুরস্কৃত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

### ওসমান হাদি হত্যা মামলার প্রধান আসামি ফয়সাল ভারতে গ্রেফতার

ওসমান হাদি হত্যা মামলার প্রধান আসামি ফয়সাল করিম মাসুদ ভারতে গ্রেফতার হয়েছেন। পশ্চিমবঙ্গ থেকে তাকে গ্রেফতার করা হয়। তার সঙ্গে আলমগীর হোসেন নামের আরও একজনকে গ্রেফতার করা হয়েছে। রোববার (৮ মার্চ) পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁও সীমান্ত এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছে পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স। পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স এক বিবৃতিতে জানায়, গোপন সূত্রের ভিত্তিতে জানা যায়, দুই বাংলাদেশি নাগরিক খুনের মতো গুরুতর অপরাধ করার পর অবৈধভাবে ভারতে প্রবেশ করে এবং বাংলাদেশের ফিরে যাওয়ার জন্য বনগাঁও সীমান্ত এলাকায় গোপনে আশ্রয় নেওয়ার চেষ্টা করছে। সেই তথ্য পাওয়ার সঙ্গে সঙ্গেই পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স শনিবার (৭ মার্চ) গভীর রাতে বনগাঁও-এর সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে দুই বাংলাদেশি নাগরিককে গ্রেফতার করে। যাদের একজনের নাম ফয়সাল করিম মাসুদ ও অন্যজনের নাম আলমগীর হোসেন। পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স আরও জানিয়েছে, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, রাহুল ওরফে ফয়সাল করিম মাসুদ ও আলমগীর হোসেন ওসমান হাদীকে হত্যা করে পালিয়ে যায়। তারা মেঘালয় সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতের ভূখণ্ডে প্রবেশ করে এবং ভারতের বিভিন্ন জায়গা ঘোরাফেরা করার পর অবশেষে বাংলাদেশে ফিরে আসার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গের বনগাঁয় আসে। এই বিষয়ে একটি নির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে এই দু-জনের বিরুদ্ধে। রোববার সংশ্লিষ্ট আদালতে হাজির করার পর তাদের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

### ঘরে-বাইরে নিরাপত্তা নিশ্চিত না হলে নারীর উন্নয়ন সম্ভব নয় : রাষ্ট্রপতি

ঘরে ও বাইরে নারীর নিরাপত্তা নিশ্চিত না হলে, তাদের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য নেওয়া নীতিমালার সুফল পুরোপুরি পাওয়া যাবে না বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। রোববার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ উপলক্ষ্যে `শ্রেষ্ঠ অদম্য নারী, সম্মাননা প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, আজকের এই দিনে আমাদের অঙ্গীকার হোক, নারী ও কন্যারা যেন আর অবহেলা, নির্যাতন ও বৈষম্যের শিকার না হন, তারা যেন সমান সুযোগ ও মর্যাদা পান। তিনি বলেন, এমন একটি বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্য রয়েছে, যেখানে প্রতিটি নারী নিরাপদ পরিবেশে বেড়ে উঠবে, স্বাবলম্বী হবে এবং নেতৃত্ব দেবে। প্রতিটি কন্যাশিশু যেন স্বপ্ন দেখায় এবং সেই স্বপ্ন বাস্তবায়নের সুযোগ পায়। অনুষ্ঠানে `গণতন্ত্রের অগ্রগতিতে শ্রেষ্ঠ অদম্য নারী, সম্মাননায় ভূষিত করা হয় সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে। তার পক্ষে পুরস্কার গ্রহণ করেন নাতনি ব্যারিস্টার জাইমা রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

### এবার স্বাধীনতা দিবসে কোনো আলোকসজ্জা করা হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

জ্বালানি সংকট মাথায় রেখে কৃচ্ছ্রসাধনের উদ্দেশ্যে এবার ২৬ মার্চ, মহান স্বাধীনতা দিবসে দেশব্যাপী কোনো আলোকসজ্জা করা হবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা পর্যালোচনা এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা শেষে সাংবাদিকদের এ কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে এবার সারা দেশে কোনো ধরনের আলোকসজ্জা করা হবে না। মূলত জ্বালানি সংকট মোকাবিলা এবং সরকারি কৃচ্ছ্রসাধনের লক্ষ্যে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া, ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ঈদুল ফিতর ঘিরে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিশেষ পদক্ষেপ নিয়েছে সরকার। মন্ত্রী জানান, প্রথাগতভাবে স্বাধীনতা দিবসে বর্ণিল আলোকসজ্জা করা হলেও, উদ্ভূত পরিস্থিতিতে এবার তা পরিহার করা হচ্ছে। তিনি বলেন, জ্বালানি সংকট

যাতে না হয় এবং আমরা যাতে সাশ্রয়ী হতে পারি, সেজন্য দেশব্যাপী কোনো আলোকসজ্জা না করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## ইমাম-মুয়াজ্জিনদের মাসিক সম্মানী নির্ধারণ করেছে সরকার

মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিদের জন্য সম্মানী ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালু হচ্ছে আগামী ১৪ মার্চ। রোববার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিদের জন্য সম্মানী ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর বিষয়ে গঠিত সেলের সভাপতি ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা মো. ইসমাইল জবিউল্লাহ এ তথ্য জানান। এ সময়ে ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ উপস্থিত ছিলেন। মসজিদের ক্ষেত্রে ১০ হাজার টাকা। মন্দির, বৌদ্ধবিহার ও গির্জার ক্ষেত্রে আট হাজার টাকা করে বরাদ্দ থাকবে। মসজিদের ইমামরা ৫ হাজার টাকা, মুয়াজ্জিন ৩ হাজার টাকা, খাদেম ২ হাজার টাকা পাবেন। মন্দিরের ক্ষেত্রে পুরোহিত ৫ হাজার টাকা ও সেবাইত ৩ হাজার টাকা পাবেন। বৌদ্ধ মন্দিরে বিহার অধ্যক্ষ ৫ হাজার টাকা ও বিহার উপাধ্যক্ষ ৩ হাজার টাকা এবং গির্জার ক্ষেত্রে যাজক ৫ হাজার ও সহকারী যাজক তিন হাজার টাকা করে পাবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## জামিন পেলেন সাবেক প্রধান বিচারপতি খায়রুল হক

রায় জালিয়াতির অভিযোগের মামলাসহ পৃথক চার মামলায় সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হকের জামিন মঞ্জুর করেছেন হাইকোর্ট। রোববার হাইকোর্টের বিচারপতি খায়রুল আলম ও বিচারপতি সগীর হোসেনের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। পৃথক চার মামলায় খায়রুল হকের জামিন প্রশ্নে রুলের ওপর গত বুধবার শুনানি শেষ হয়। শুনানি নিয়ে হাইকোর্ট বেঞ্চ রায়ের জন্য আজ রোববার দিন ঠিক করেন। এরই ধারাবাহিকতায় আজ এই রায় দিলেন আদালত। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## আতঙ্কে মাত্রাতিরিক্ত বিক্রির চাপে শেয়ারবাজারে ধস

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে জ্বালানি তেলের সংকট সৃষ্টি হতে পারে, এমন গুঞ্জনের প্রেক্ষিতে শেয়ারবাজারের বিনিয়োগকারীরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছেন। আতঙ্কে মাত্রাতিরিক্ত বিক্রির চাপ বাড়ানোয় রোববার (৮ মার্চ) রীতিমতো ধস নেমেছে পুঁজিবাজারে। প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং অন্য শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে সিংহভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমার পাশাপাশি মূল্য সূচকের বড়ো পতন হয়েছে। তবে ডিএসইতে লেনদেনের পরিমাণ কিছুটা বেড়েছে। এর আগে, ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর গত সপ্তাহে লেনদেন হওয়া পাঁচ কার্যদিবসের মধ্যে চার কার্যদিবসেই দরপতন হয়। এতে এক সপ্তাহেই ডিএসই-এর প্রধান সূচক ৩৫৯ পয়েন্ট কমেছে। আর বাজার মূলধন কমেছে ২০ হাজার ৪১৩ কোটি টাকা। এই পতনের পর রোববার ডিএসইতে লেনদেন শুরু হয় বেশিরভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমার মাধ্যমে। ফলে লেনদেনের শুরুতে সূচক ঋণাত্মক হয়ে পড়ে। লেনদেনের সময় গড়ানোর সঙ্গে সঙ্গে দরপতনের মাত্র বাড়ে। ফলে ধস দিয়েই শেয়ারবাজারের লেনদেন শেষ হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## ঈদে গণমাধ্যমে ৫ দিন ছুটি দাবি ডিআরইউ-এর

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে সংবাদপত্রে ৫ দিন ছুটি দেওয়ার দাবি জানিয়েছে ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ)। চাঁদ দেখা সাপেক্ষ আগামী ২১ মার্চ বাংলাদেশে ঈদুল ফিতর হতে পারে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, এবার ১৭ মার্চ থেকে ২৩ মার্চ একটানা সাতদিনের ছুটি পাচ্ছেন সরকারি চাকরিজীবীরা। রোববার (০৮ মার্চ) ডিআরইউ সভাপতি আবু সালেহ আকন ও সাধারণ সম্পাদক মাইনুল হাসান সোহেল এক বিবৃতিতে বলেন, এবার ঈদে সরকারি কর্মকর্তা-কর্মচারীরা ৭ দিনের দীর্ঘ ছুটি পাচ্ছেন। কিন্তু ঈদে সংবাদপত্র মাত্র তিনদিনের ছুটি দেওয়া হয়, যা বৈষম্যমূলক। একইসঙ্গে এই সময়ে কোনো হকারও পত্রিকা বিক্রি করবেন না। তাই আসন্ন ঈদুল ফিতরে সংবাদপত্র ৫ দিন বন্ধ রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানান নেতারা। গত ঈদুল আজহায় ডিআরইউ-এর দাবির প্রেক্ষিতে ৫ দিন ছুটি ঘোষণা করা হয়। এজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানায় ডিআরইউ। তারই ধারাবাহিকতায় এবারও ৫ দিন ছুটি ঘোষণার দাবি জানিয়েছে সংগঠনটি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## সরকারি হাসপাতালে দালালদের বিরুদ্ধে জিরো টলারেন্স : র‍্যাব

বিভিন্ন সরকারি হাসপাতালে যে-সব দালাল চক্র রোগীদের হয়রানি করে বা রোগীদের সঙ্গে প্রতারণা করে, এমন দালালদের বিরুদ্ধে আমরা গোয়েন্দা নজরদারির মাধ্যমে তাদের তালিকা তৈরি করছি। যেন তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া যায়। রোববার সকালে শহিদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, জাতীয় হৃদ্‌রোগ ইনস্টিটিউট এবং জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে দালাল বিরোধী অভিযান পরিচালনা শেষে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন র‍্যাব-২ এর উপ-অধিনায়ক অতিরিক্ত ডিআইজি খালিদুল হক হাওলাদার। তিনি

বলেন, সরকারি হাসপাতালগুলোতে স্বাস্থ্যসেবা নেওয়ার জন্য যে-সব রোগী আসেন, তারা দালাল চক্রের দ্বারা বিভিন্নভাবে হয়রানির শিকার হন। এই দালালদের দৌরাত্ম্য ও রোগীদের হয়রানির বিরুদ্ধে স্বাস্থ্য মন্ত্রণালয় জিরো টলারেন্স ঘোষণা করেছে। গত ৪ মার্চ স্বাস্থ্য মন্ত্রণালয় একটি বিজ্ঞপ্তিতে দালাল নির্মূলে সাত দফা কর্মসূচি ঘোষণা করে। এর মধ্যে অন্যতম দফা রয়েছে মোবাইল কোর্টের মাধ্যমে দালালের বিরুদ্ধে আইনগত অভিযান পরিচালনা করা। ফৌজদারি অপরাধে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## ওয়াসার এমডি আব্দুস সালামের পদত্যাগ

ঢাকা ওয়াসার এমডি মো. আব্দুস সালাম ব্যাপারী পদত্যাগ করেছেন। রোববার (৮ মার্চ) স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পদত্যাগপত্র জমা দেন তিনি। নাম প্রকাশে অনিচ্ছুক ওয়াসার ঊর্ধ্বতন এক কর্মকর্তা বলেন, "স্ত্রীকে কানাডায় বাড়ি কিনে দিয়েছেন„- সম্প্রতি একটি গণমাধ্যমে এমন খবর প্রকাশের পর এমডিকে ডেকে পাঠায় স্থানীয় সরকার মন্ত্রণালয়। তখন তাকে পদত্যাগ করতে বলা হয়। পরে তিনি পদত্যাগ করেন। এরই মধ্যে আব্দুস সালাম ব্যাপারীর পদত্যাগপত্র গৃহীত হয়েছে বলেও জানা গেছে। তবে মন্ত্রণালয় থেকে এখনো আনুষ্ঠানিকভাবে কিছু বলা হয়নি। আব্দুস সালাম ব্যাপারীর মোবাইল ফোনে একাধিকবার কল দিয়েও সংযোগ পাওয়া যায়নি। গত বছরের ১১ নভেম্বর স্থানীয় সরকার বিভাগ থেকে এক প্রজ্ঞাপন জারির মাধ্যমে আব্দুস সালাম ব্যাপারীকে ঢাকা ওয়াসার এমডি হিসেবে নিয়োগ দেওয়া হয়। এর আগে, ওয়াসার অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দায়িত্ব পালন করেছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## মুশফিকুল ফজল আনসারীসহ ৫ রাষ্ট্রদূত-হাইকমিশনারকে প্রত্যাহার

যুক্তরাজ্য ও মেক্সিকোসহ মোট পাঁচ দেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারকে প্রত্যাহার করে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সদর দপ্তরে বদলি করা হয়েছে। রোববার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, বাংলাদেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনার হিসেবে পর্তুগাল, পোল্যান্ড, মেক্সিকো ও মালদ্বীপে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত যথাক্রমে ড. এম মাহফুজুল হক, মো. ময়নুল ইসলাম, এম মুশফিকুল ফজল আনসারী ও ড. মো. নাজমুল ইসলামকে প্রত্যাহার করে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বদলি করা হয়েছে। এছাড়া, যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার আবিদা ইসলামের ব্যাপারেও একই পদক্ষেপ নেওয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, সংশ্লিষ্ট রাষ্ট্রদূত ও হাইকমিশনারকে অতিসত্বর পররাষ্ট্র মন্ত্রণালয়ের সদর দপ্তরে যোগদানের নির্দেশ দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## ফেব্রুয়ারিতে খাদ্যে মূল্যস্ফীতি বেড়ে ৯.৩০ শতাংশ

চাল, ডাল, সবজি, মাছ, মাংসসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম হঠাৎ করেই বেড়েছে। ফলে ফেব্রুয়ারিতে খাদ্য খাতে মূল্যস্ফীতি বেড়ে হয়েছে ৯ দশমিক ৩০ শতাংশ, যা জানুয়ারি মাসে ছিল ৮ দশমিক ২৯ শতাংশ। ফলে এক মাসের ব্যবধানে শুধু খাদ্য খাতে মূল্যস্ফীতি বেড়েছে ১ শতাংশ। রোববার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) মূল্যস্ফীতির এ তথ্য জানায়। বিবিএস জানায়, পয়েন্ট-টু-পয়েন্ট ভিত্তিতে চলতি বছরের ফেব্রুয়ারি মাসে জাতীয় পর্যায়ে সাধারণ মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৯ দশমিক ১৩ শতাংশে। জানুয়ারি মাসে মূল্যস্ফীতি ছিল ৮ দশমিক ৫৮ শতাংশ। তবে গত বছরের ফেব্রুয়ারি মাসে মূল্যস্ফীতি ছিল ৯ দশমিক ৩২ শতাংশ। গত বছরের একই সময়ের তুলনায় খাদ্যপণ্যের মূল্যস্ফীতি বেড়েছে। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে খাদ্য মূল্যস্ফীতি ছিল ৯ দশমিক ২৪ শতাংশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## ইরান যুদ্ধের অজুহাতে সয়াবিন তেলের দাম বাড়ানোর পাঁয়তারা

ঢাকার বাজারে এখন সীমিত পরিমাণে সয়াবিন তেল সরবরাহ করছে কোম্পানিগুলো। পাইকারি ও খুচরা বিক্রেতারা জানান, তারা অর্ডার করেও কোম্পানি থেকে পর্যাপ্ত তেল পাচ্ছেন না। এ পরিস্থিতিতে বাজারে ও মুদি দোকানে এক ও দুই লিটারের বোতল পাওয়া গেলেও, অধিকাংশ জায়গায় পাঁচ লিটারের সয়াবিন তেলের বোতল মিলছে না। যদিও কোম্পানিগুলোর দাবি, তারা সরবরাহ আগের মতো স্বাভাবিক রেখেছেন। কিন্তু যুক্তরাষ্ট্র, ইসরায়েল ও ইরানের চলমান যুদ্ধ ঘিরে দাম বাড়তে পারে- এই আশঙ্কায় চাহিদার চেয়ে বেশি তেল কিনতে শুরু করেছেন ভোক্তারা। যে কারণে সংকট হতে পারে। তবে খুচরা ও পাইকারি বিক্রেতাদের অভিযোগ, যুদ্ধ ও ঈদের বাড়তি চাহিদা সামনে রেখে দাম বাড়ানোর চেষ্টা করছে কোম্পানিগুলো। প্রতিবারই দাম বাড়ানোর আগে এমন কৃত্রিম সংকট তৈরি করে সরবরাহকারী প্রতিষ্ঠানগুলো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## ১৮ মার্চ ছুটি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি

ঈদের সময় ঘরমুখো মানুষের যাত্রা নির্বিঘ্ন করতে আগামী ১৮ মার্চও ছুটি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করেছে সরকার। রোববার ছুটি ঘোষণা করে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। এতে এবার ঈদুল ফিতরে ১৭ থেকে ২৩ মার্চ পর্যন্ত টানা ৭ দিন ছুটি পাচ্ছেন সরকারি চাকরিজীবীরা। গত ৫ মার্চ মন্ত্রিসভা বৈঠকে ঈদের আগে ১৮ মার্চ

ছুটি ঘোষণা-সংক্রান্ত প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। প্রজ্ঞাপনে বলা হয়, `অ্যালোকেশন অব বিজনেস অ্যামাং দ্য ডিফারেন্ট মিনিস্ট্রিজ অ্যান্ড ডিভিশনস,-এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার আসন্ন শবে কদর ও ঈদুল ফিতরের পূর্ব নির্ধারিত ছুটির মধ্যবর্তী ১৮ মার্চ নির্বাহী আদেশে একদিনের সরকারি ছুটি ঘোষণা করা হলো। ছুটিকালীন সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## তেল মজুত আছে, কিন্তু রেশনিং করে চলতে হবে : জ্বালানিমন্ত্রী

তেল মজুত আছে, কিন্তু রেশনিং করে চলতে হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। রোববার জাতীয় প্রেস ক্লাবের কবি কাজী নজরুল ইসলাম মিলনায়তনে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী তারেক রহমানের ২০তম কারাবন্দি দিবস উপলক্ষ্যে উত্তরাঞ্চল ছাত্র ফোরাম এ সভার আয়োজন করে। মন্ত্রী বলেন, সব একেবারে না খেয়ে, চলার মতো ব্যবস্থা করে যদি একবার চলি, তাহলে আমরা দীর্ঘদিন চলতে পারবো। আমাদের তেল মজুত আছে, কিন্তু রেশনিং করে চলতে হবে। অলরেডি, আজ বেলা ১১টায় একটি জাহাজ নোঙর করেছে। আরেকটা জাহাজও নোঙর করার কথা। জাহাজগুলো থেকে তেল ডেলিভারি করার পরে আমার মজুত আরও বাড়বে। কিন্তু এর অর্থ এই না যে, আমরা যত ইচ্ছে তত ব্যবহার করবো। রেশনিং পদ্ধতি আমরা চালিয়ে যাবো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## আওয়ামী লীগ সরকার তথ্য কমিশনকে অকার্যকর করে রেখেছিল : ইফতেখারুজ্জামান

আওয়ামী লীগ সরকারের সময় তথ্য কমিশনকে অকার্যকর করে রাখা হয়েছিল বলে মন্তব্য করেছেন, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। রোববার দুপুর ১২টায় রাজধানীর ধানমন্ডিতে এক সংবাদ সম্মেলনে ইফতেখারুজ্জামান এ কথা বলেন। অনতিবিলম্বে তথ্য কমিশন গঠন ও তথ্য অধিকার আইনের প্রয়োজনীয় সংশোধনের দাবিতে এই সংবাদ সম্মেলনের আয়োজন করে তথ্য অধিকার ফোরাম। ইফতেখারুজ্জামান বলেন, সুযোগ থাকার পরও অন্তর্বর্তী সরকার এ বিষয়ে কোনো দৃষ্টান্ত দেখাতে পারেনি। হয়তবা অন্তর্বর্তী সরকারের কোনো কিছু গোপন করার মতো ছিল। যে কারণে পুরো চর্চাটাই ছিল অন্ধকারের মধ্যে। গোপনীয়তার মধ্যে সরকারি সিদ্ধান্ত প্রণীত হতে দেখেছি আমরা। টিআইবির নির্বাহী পরিচালক বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ে রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ খাতের সিদ্ধান্ত নেওয়া হয়েছে কোনো ধরনের স্বচ্ছতার পরোয়া না করে। সেই সরকার তথ্য কমিশনকে দেড় বছর প্রতিষ্ঠিত হতে দেয়নি, এতে অবাক হওয়ার কিছু নেই। তবে আইনগত বাধ্যবাধকতা থাকার পরও তথ্য কমিশন গঠন না হওয়া বিব্রতকর। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## জ্বালানি তেলের অবৈধ মজুত ও বেশি দামে বিক্রি রোধে চলবে ভ্রাম্যমাণ আদালত

জ্বালানি তেলের অবৈধ মজুত ও বেশি দামে বিক্রি রোধে দেশব্যাপী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা হতে যাচ্ছে। আদালত পরিচালনার জন্য জেলা প্রশাসকদের (ডিসি) নির্দেশনা দেওয়ার অনুরোধ জানিয়ে রোববার (৮ মার্চ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে মন্ত্রিপরিষদ সচিবের কাছে চিঠি পাঠানো হয়েছে। চিঠিতে বলা হয়, মধ্যপ্রাচ্যে চলমান সংকটের পরিপ্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতিতে, কিছু অসাধু ব্যবসায়ী জ্বালানি তেলের বাজারে সংকট তৈরির লক্ষ্যে অবৈধ মজুত করছেন বলে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে। এ সংকট নিরসনে এরই মধ্যে সরকার যানবাহনভিত্তিক তেলের পরিমাণ নির্ধারণ করেছে। তারপরও বিভিন্ন পেট্রোল পাম্প ও ফিলিং স্টেশনে সরকার নির্ধারিত মূলের চেয়ে অতিরিক্ত মূল্যে তেল বিক্রি, অধিক মুনাফার লোভে অতিরিক্ত মজুত, খোলাবাজারে বিক্রি ও পাচারের প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। এ অবস্থায় চিঠিতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার জন্য জেলা প্রশাসকদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার জন্য মন্ত্রিপরিষদ সচিবকে অনুরোধ জানানো হয়। যাতে জ্বালানি তেলের অবৈধ মজুত, নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে বিক্রি ও খোলাবাজারে বিক্রি বন্ধ এবং পাচার রোধ করা যায়।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## রোজা-ঈদের ছুটির মধ্যে সব কোচিং সেন্টার বন্ধের নির্দেশ

শিক্ষার্থী-অভিভাবকদের ক্ষোভ ও উচ্চআদালতের নির্দেশনার পর পবিত্র রমজানের শুরু থেকেই দেশের সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করা হয়েছে। তবে কোচিং সেন্টারগুলো খোলা রয়েছে। কোথাও কোথাও স্কুল-কলেজে শিক্ষকদের ব্যাচ করে পড়ানোর খবরও মিলেছে। পাশাপাশি, বিদেশি কারিকুলামে পরিচালিত ইংলিশ মিডিয়াম স্কুলগুলোও খোলা রয়েছে। এতে রোজায় ভোগান্তি পোহাতে হচ্ছে শিক্ষার্থী-অভিভাবকদের। অভিভাবকদের অভিযোগ ও শিক্ষার্থীদের ভোগান্তির বিষয়টি বিবেচনা করে দেশের সব কোচিং সেন্টার বন্ধের নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। ফলে রোজা ও ঈদের ছুটির মধ্যে কোনো কোচিং সেন্টার খোলা রাখা যাবে না। পাশাপাশি, ইংলিশ মিডিয়াম স্কুলগুলোও বন্ধ থাকবে। রোববার (৮ মার্চ) দুপুরে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন ইংলিশ মিডিয়াম স্কুলের

প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পর এমন সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা খালিদ হোসেনের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতেও বিষয়টি জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৩.২০২৬ আসাদ)

## ২-৩ মাসের মধ্যেই অপারেশন ক্লিনহার্টের মতো আরেকটি অভিযান

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু বলেছেন, সরকার ২-৩ মাসের মধ্যেই ‵অপারেশন ক্লিনহার্ট′-এর মতো একটি অভিযান চালাবে। প্রকৃতপক্ষে যারা অন্যায় করছেন, তাদের আইনের আওতায় আনা হবে। সরকার এ ক্ষেত্রে কাউকে ছাড় দেবে না। রোববার (৮ মার্চ) দুপুরে ফেনী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা আইন-শৃঙ্খলা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মাদক সমাজের প্রধান সমস্যা উল্লেখ করে মন্ত্রী বলেন, ”মাদকাসক্ত ও মাদক কারবারি কারা, এটা সবার জানা। অভিযান চালিয়ে তাদের ধরা দরকার। কিশোর গ্যাং প্রশ্নেও সরকার জিরো টলারেন্স নীতিতে রয়েছে। এর সঙ্গে যারা জড়িত, তাদেরকেও ধরতে হবে।„ শহরের ফুটপাতের হকার প্রসঙ্গে তিনি বলেন, হকাররা চাঁদা ছাড়া বসে না। আগে চাঁদাবাজদের ধরতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## কোনো ব্যক্তিকে ২৫ বছর পর দ্বিতীয়বার দেওয়া যাবে স্বাধীনতা পুরস্কার

অন্য কোনো ক্ষেত্রে বিশেষ অবদান থাকলে, কমপক্ষে ২৫ বছর পর কোনো ব্যক্তিকে আবার স্বাধীনতা পুরস্কার দেওয়া যাবে। স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি সংশোধন করে এই নিয়ম করা হয়েছে। রোববার (৮ মার্চ) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সব মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিবকে পাঠানো এক চিঠিতে এ সংশোধনীর কথা জানানো হয়েছে। স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলির অনুচ্ছেদ ৭.১১ সংশোধন করা হয়েছে। নতুন নিয়ম অনুযায়ী, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এ পুরস্কার পাওয়ার পর, অন্য কোনো ক্ষেত্রে বিশেষ অবদান রাখলে ন্যূনতম ২৫ বছর পর ওই ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পুনরায় স্বাধীনতা পুরস্কার দেওয়া যাবে। চিঠিতে বলা হয়, স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলির অনুচ্ছেদ ৭.১১ সংশোধন করা হলো। স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে পুনরায় স্বাধীনতা পুরস্কার বা অন্য কোনো জাতীয় পর্যায়ের পুরস্কার দেওয়ার জন্য বিবেচনা করা হবে না। তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এ পুরস্কার পাওয়ার পর অন্য কোনো ক্ষেত্রে বিশেষ অবদান ন্যূনতম ২৫ বছর পর, ওই ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পুনরায় স্বাধীনতা পুরস্কার দেওয়া যাবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## টাঙ্গাইলে শিশু হত্যায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি হাইকোর্টে খালাস

টাঙ্গাইলে শিশু জুয়েল হাসান হত্যার দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত একমাত্র আসামি আব্দুর রহিমকে খালাস দিয়েছেন হাইকোর্ট। ডেথ রেফারেন্স ও আপিল আবেদনের শুনানি শেষে রোববার (৮ মার্চ) হাইকোর্টের বিচারপতি মহিউদ্দিন শামীম ও বিচারপতি জেসমিন আরা বেগমের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই রায় ঘোষণা করেন। আদালতে আজ আসামিপক্ষে শুনানি করেন সিনিয়র অ্যাডভোকেট ফজলুল হক খান ফরিদ। তাকে সহযোগিতা করেন অ্যাডভোকেট শেখ মো. শাসুজ্জামান পাপ্পু, মোহাম্মদ আবুল হাসনাত ও সেতু খান। অন্যদিকে রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মো. মজিবুর রহমান। বিচারিক আদালত আব্দুর রহিমকে মৃত্যুদণ্ডের পাশাপাশি ১০ হাজার টাকা অর্থদণ্ড দেন। ২০১৮ সালের ২৭ নভেম্বর টাঙ্গাইল জেলা ও দায়রা জজ মো. শওকত আলী চৌধুরী এ আদেশ দেন। দণ্ডিত রহিম সদর উপজেলার বিল মাগুরাটা গ্রামের বাসিন্দা। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## চাহিদার ২০ শতাংশ তেলও পাচ্ছে না ফিলিং স্টেশনগুলো!

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে দেশের জ্বালানি খাতে অস্থিরতা তৈরি হয়েছে। তেল নিতে ফিলিং স্টেশনে যানবাহনের দীর্ঘ সারি। কোথাও কোথাও অপ্রীতিকর ঘটনার তথ্যও আসছে। আবার পর্যাপ্ত তেল সরবরাহ পাচ্ছেন না বলেও অভিযোগ করছেন ডিলার ও পাম্প মালিকরা। বর্তমানে প্রয়োজনীয় চাহিদার ২০ শতাংশ তেলও পাচ্ছেন না বলে অভিযোগ করেন পাম্প মালিকরা। তারা জানান, বিদ্যমান চাহিদা অনুযায়ী তারা ডিপো থেকে তেল পাচ্ছেন না। এজন্য অনেক ফিলিং স্টেশন একবেলার বেশি চালু রাখা সম্ভব হচ্ছে না। আবার অতিরিক্ত ভিড়ের কারণে ফিলিং স্টেশনের কর্মচারীরা নিরাপত্তা সংকটে ভুগছেন বলেও জানিয়েছেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## ওসমান হাদি হত্যার প্রধান আসামি ফয়সাল করিম ১৪ দিনের রিমান্ডে

ওসমান হাদি হত্যা মামলার প্রধান আসামি ফয়সাল করিম মাসুদ ও তার সঙ্গে থাকা আলমগীর হোসেনকে ১৪ দিনের রিমান্ডে নিয়েছে পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স। আদালত তাদের এই রিমান্ড মঞ্জুর করেন। এর আগে, পশ্চিমবঙ্গ থেকে তাদের গ্রেফতার করা হয়। রোববার (৮ মার্চ) পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁও সীমান্ত এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছে পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্কফোর্স।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে অপরাধ দমনে জিরো টলারেন্স নীতি চলবে : প্রতিমন্ত্রী হেলাল

চট্টগ্রামে অপরাধ দমনে সরকারের জিরো টলারেন্স নীতি অব্যাহত থাকবে বলে জানিয়েছেন স্থানীয় সংসদ সদস্য ও পার্বত্য চট্টগ্রামবিষয়ক প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দীন। রোববার (৮ মার্চ) চট্টগ্রাম সার্কিট হাউসে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিয়া। প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী, যে-কোনো ধরনের অপরাধের বিরুদ্ধে সরকার কঠোর অবস্থানে রয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে এটি একটি নিয়মিত সমন্বয় সভা, যেখানে অপরাধ নিয়ন্ত্রণ ও সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। তিনি জানান, বর্তমানে চট্টগ্রামে দ্রব্যমূল্যসহ বিভিন্ন বিষয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। প্রশাসনের তৎপরতা এবং সরকারের উদ্যোগে এ পরিস্থিতি বজায় রাখা সম্ভব হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## দুর্যোগের ঝুঁকি মোকাবিলায় নারীর সক্রিয় অংশগ্রহণ জরুরি : মেয়র শাহাদাত

দুর্যোগের ঝুঁকি মোকাবিলায় নারীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা সময়ের দাবি বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ শাহাদাত হোসেন। রোববার (৮ মার্চ) আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। নগরের হোটেল আগ্রাবাদে অনুষ্ঠানটির আয়োজন করে ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশন (ইপসা)। মেয়র শাহাদাত বলেন, নারীর ক্ষমতায়ন ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়। দুর্যোগপ্রবণ চট্টগ্রামে পাহাড় ধসসহ নানা প্রাকৃতিক দুর্যোগে নারীরা প্রায়ই সবচেয়ে বেশি ঝুঁকির মুখে পড়েন। তাই তাদের কেবল ভুক্তভোগী হিসেবে নয়, বরং সাহসী স্বেচ্ছাসেবক ও সামাজিক পরিবর্তনের অগ্রদূত হিসেবে এগিয়ে আসতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## কাজের মান ও ফলাফলের দিক থেকেও নারীরা এগিয়ে : প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী

কাজের মান ও ফলাফলের দিক থেকেও অনেক ক্ষেত্রে নারীরা এগিয়ে রয়েছেন বলে মন্তব্য করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু। তিনি বলেন, নারীর অধিকার কেবল স্বীকৃতির মধ্যে সীমাবদ্ধ থাকলে চলবে না, বরং তা বাস্তবায়নেও গুরুত্ব দিতে হবে। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের পর দেশনেত্রী বেগম খালেদা জিয়াও নারীর ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। বিশেষ করে, শিক্ষাক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন না এলে নারীদের এই অগ্রগতি সম্ভব হতো না। রোববার (৮ মার্চ) বিকেলে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে `আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার- সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার, প্রতিপাদ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## গুম-খুনের চেয়েও ভয়াবহ বাস্তবতা হলো শেখ হাসিনার কোনো অনুশোচনা নেই

ভারতে বসে শেখ হাসিনা দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা করছেন, আবারও এমন অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, গত দেড় দশকে ফ্যাসিস্ট শেখ হাসিনা অসংখ্য পরিবারকে নিঃস্ব করেছেন, শত শত মানুষকে গুম ও খুন করা হয়েছে, কিন্তু তার মধ্যে বিন্দুমাত্র অনুশোচনা দেখা যায়নি। গুম ও খুনের চেয়েও বড়ো ভয়াবহ বাস্তবতা হলো ফ্যাসিস্ট শেখ হাসিনার এ নিয়ে কোনো অনুশোচনা নেই। রোববার (৮ মার্চ) আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আগারগাঁওয়ে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। `মায়ের ডাক, প্রামাণ্য চলচ্চিত্রের উদ্‌বোধন উপলক্ষ্যে আয়োজিত এ অনুষ্ঠানে বিএনপি মহাসচিব বলেন, ফ্যাসিস্ট ভারতে পালিয়ে গেছেন। কিন্তু সেখানে বসে শেখ হাসিনা দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা করছেন, যা রীতিমতো ফৌজদারি অপরাধ।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## ফিলিং স্টেশনের নিরাপত্তায় পুলিশি টহল নিশ্চিতে বিপিসির চিঠি

দেশের সব ফিলিং স্টেশনের নিরাপত্তার স্বার্থে পুলিশি টহল জোরদারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। গতকাল শনিবার (৭ মার্চ) বিপিসির চেয়ারম্যান মো. রেজানুর রহমানের সই করা এক চিঠিতে এই অনুরোধ জানানো হয়। চিঠিটি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিবকে পাঠানো হয়েছে। এতে বলা হয়, দেশে জ্বালানি তেল বিপণনে উদ্ভূত পরিস্থিতিতে বিভিন্ন গণমাধ্যম/সামাজিক যোগাযোগমাধ্যমে জ্বালানি তেলের মজুত পরিস্থিতি নিয়ে নেতিবাচক সংবাদ প্রচার হয়। ফলে ভোক্তা/গ্রাহকদের মধ্যে অতিরিক্ত পরিমাণ জ্বালানি তেল গ্রহণের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। ফলে ডিলাররা বিগত সময়ের তুলনায় অতিরিক্ত পরিমাণ জ্বালানি তেল ডিপো থেকে সংগ্রহের চেষ্টা করছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## নারী নেতৃত্ব সমাজকে আরও দৃঢ় ও সাহসী করে : শামা ওবায়েদ

নারী নেতৃত্ব সমাজকে আরও দৃঢ় ও সাহসী করে তোলে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। তিনি বলেন, নারীদের চিন্তা-ভাবনা ও অগ্রযাত্রা জাতির উন্নয়নকে ত্বরান্বিত করে। রোববার (৮ মার্চ) বেলা ১১টায় জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শামা ওবায়েদ বলেন, এবারের নারী দিবসের প্রতিপাদ্য `আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার; সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার, আমাদের মনে করিয়ে দেয় যে, নারীর মর্যাদা নিশ্চিত করা শুধু নৈতিক দায়িত্ব নয়, এটি জাতীয় অগ্রগতির অন্যতম ভিত্তি। তিনি বলেন, নারীরা শিক্ষিত হলে জাতি আলোকিত হয়, প্রেরণা পেলে এগিয়ে যায় এবং নেতৃত্ব দিলে সমাজ দৃঢ় হয়ে ওঠে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## জনগণের ম্যান্ডেট নিয়ে ক্ষমতায় এসেছে বিএনপি : আবু সুফিয়ান

চট্টগ্রাম-৯ আসনের সংসদ সদস্য আবু সুফিয়ান বলেছেন, বিএনপি কোনো আপোশ বা কারচুপির মাধ্যমে নয়, জনগণের ম্যান্ডেট নিয়েই ক্ষমতায় এসেছে। তাই জনগণের কাছে দল ও সরকার দায়বদ্ধ। জনগণের প্রত্যাশা পূরণে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। রোববার (৮ মার্চ) দুপুরে কোতোয়ালি থানা কৃষক দলের উদ্যোগে আয়োজিত ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে আবু সুফিয়ান বলেন, সরকার শুধু কোনো নির্দিষ্ট গোষ্ঠীর উন্নয়ন নয়, বরং সব শ্রেণি-পেশার মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। সন্ত্রাস, চাঁদাবাজি, মাদক ও দুর্নীতিমুক্ত একটি সাম্যভিত্তিক ও মানবিক বাংলাদেশ গড়াই সরকারের লক্ষ্য। এ জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে এবং সেগুলোর বাস্তবায়ন এগিয়ে চলছে। তিনি আরও বলেন, দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে সরকার নানা পরিকল্পনা গ্রহণ করেছে। কৃষকদের উন্নয়নে এরই মধ্যে ১ হাজার ৫০০ কোটি টাকার ঋণ মওকুফ করা হয়েছে। আগামী ১ বৈশাখের মধ্যে কৃষকদের হাতে `কৃষক কার্ড, তুলে দেওয়া হবে। এই কার্ডের মাধ্যমে কৃষকেরা সার, বীজ ও কীটনাশকসহ প্রয়োজনীয় কৃষি উপকরণ ন্যায্যমূল্যে কিনতে পারবেন এবং কৃষিঋণ, ভর্তুকি ও বিভিন্ন প্রণোদনার সুবিধা পাবেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## শেখ হাসিনার পক্ষে রাষ্ট্রীয় খরচে আইনজীবী নিয়োগের নির্দেশ

রাজধানীর কল্যাণপুরে `জঙ্গি নাটক, সাজিয়ে ৯ তরুণকে হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় শেখ হাসিনাসহ পলাতক ছয় আসামির পক্ষে রাষ্ট্রীয় খরচে আইনজীবী নিয়োগের নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একইসঙ্গে মামলায় আনুষ্ঠানিক অভিযোগ (ফরমাল চার্জ) গঠনের বিষয়ে শুনানির জন্য আগামী ৬ এপ্রিল দিন ঠিক করেছেন ট্রাইব্যুনাল। রোববার (৮ মার্চ) ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারিক প্যানেল এই আদেশ দেন। ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন- বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী। এই মামলার মোট আসামি আটজন। এর মধ্যে পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক ও ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক কমিশনার আসাদুজ্জামান মিয়া গ্রেফতার হয়ে কারাগারে আছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

## `স্লোগান ৭১,-এর সাবেক সম্পাদক ইমিসহ তিনজন কারাগারে

রাজধানীর শাহবাগ থানায় সন্ত্রাসবিরোধী আইনে করা মামলায় `স্লোগান ৭১,-এর সাবেক সাধারণ সম্পাদক শেখ তাসনিম আফরোজ ইমিসহ তিনজনকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। রোববার (৮ মার্চ) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জুয়েল রানার আদালত তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। অন্য দুই আসামি হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হল ছাত্রলীগের সাবেক কর্মসংস্থান সম্পাদক মো. আসিফ আহমেদ সৈকত এবং আব্দুল আল মামুন। এদিন তিন আসামিকে আদালতে হাজির করা হলে মামলার তদন্তকারী কর্মকর্তা ও শাহবাগ থানার উপ-পরিদর্শক (এসআই) মো. আশাদুল ইসলাম তাদের কারাগারে আটক রাখার আবেদন করেন। শুনানি শেষে আদালত তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। মামলার সূত্রে জানা গেছে, শনিবার (৭ মার্চ) বিকেল ৩টার দিকে শাহবাগ থানাধীন শহীদুল্লাহ হল ক্রসিং এলাকায় আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের কয়েকজন সদস্য মাইকে ৭ মার্চের ভাষণ বাজিয়ে জড়ো হন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেলে উপস্থিত ব্যক্তিরা পালানোর চেষ্টা করেন। এসময় স্থানীয়দের সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হল ছাত্রলীগের সাবেক কর্মসংস্থান সম্পাদক আসিফ আহমেদ সৈকতকে আটক করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রিহাব)

# BBC

## NEARLY 400 PEOPLE KILLED IN ISRAELI STRIKES ON LEBANON

Lebanon's death toll from clashes with Israel has risen to 396 people, according to the government's health minister. At a press conference on Sunday, Rakan Nassereddine said the dead included 83 children and 42 women since Lebanon became involved with the US-Israel war with Iran. Nassereddine added that nine rescue workers had also died. The total

number of Lebanese fatalities is a sharp rise from Saturday, when the health minister put the figure at 296 people. (BBC News Web Page: 08/03/26, FARUK)

**KUWAIT TOWER FIRE CONTAINED: AUTHORITIES**

The blaze at the headquarters of Kuwait's Public Institution for Social Security has now been extinguished, according to local time authorities. Kuwait's Ministry of Information said on social media that firefighting teams "managed to combat the fire" by containing it and preventing its spread. The flaming tower lit up the sky in Kuwait City following a drone strike in the early hours of Sunday morning. (BBC News Web Page: 08/03/26, FARUK)

**SOUTHERN LEBANON HOSPITAL TREATING PATIENTS AFTER ISRAELI STRIKE**

Staff here say they received patients and bodies early this morning after an Israeli strike killed 20 people in the village of Seir al-Gharbiyah. Two of the dead were brought here as well as four injured children, supervisor Ali Omeis says. Their injuries include fractures and internal bleeding from shrapnel, he adds. The hospital is now trying to transfer the patients to a safer part of the country. (BBC News Web Page: 08/03/26, FARUK)

**OMAN AIR CANCELS FLIGHTS FOR A WEEK**

Oman Air has announced it has cancelled flights to and from Gulf nations between 9 March and 15 March "due to ongoing regional airspace closures". The airline said the following destinations would be affected: Amman, Dubai, Bahrain, Doha, Dammam, Kuwait, Baghdad, Khasab. Flights to and from Copenhagen are also impacted.
(BBC News Web Page: 08/03/26, FARUK)

**NEARLY 2,000 IN HOSPITAL ISRAEL SINCE START OF CONFLICT**

Israel's Ministry of Health says 1,929 people have been injured and evacuated to hospitals since the war began just over a week ago. Of these, 122 remain hospitalized, with nine in a "serious condition", although some of these are "not directly due to missile strikes", the statement says. It says 157 people were treated over the past 24 hours. The statement was issued at 07:00 local time this morning. The Israel Defense Forces (IDF) continues to report missile fire from Iran in posts on its Telegram channel.
(BBC News Web Page: 08/03/26, FARUK)

**IRAN'S NEW SUPREME LEADER ELECTED: IRANIAN MEDIA**

Ahmed Alamolhoda, a member of Iran's Assembly of Experts, has said that the election for the next leader has been held and the leader has been elected. He has said that now all depends on the head of the Secretariat of the Assembly of Experts, Hosseini Bushehri, who is currently responsible for publicly announcing the decision, the semi-official Mehr news agency reports. (BBC News Web Page: 08/03/26, FARUK)

**ISRAEL'S PRESIDENT SAYS STRIKES A RESPONSE TO IRAN'S MISSILE STOCKPILE**

Israel's President Isaac Herzog says Iran was "moving quickly" towards a stockpile of 20,000 ballistic missiles. This is part of the reason Israel and the US decided to "move swiftly" to remove the threat, he says. The Israeli president says Iran did not adhere any role of international law. Herzog also says Iran violated international law by "attacking" a UK base in Cyprus. "We have the full right to defend ourselves", he says.
(BBC News Web Page: 08/03/26, FARUK)

**ISRAELI MILITARY WARNS IT WILL 'PURSUE EVERY SUCCESSOR' OF IRAN'S KHAMENEI**

Israel's military has issued a warning to Iran that it will continue pursuing every successor of the country's deceased supreme leader, Ayatollah Ali Khamenei. In a post on X, the IDF's Farsi-language account said: "Iran's Assembly of Experts, which has not convened for decades, will soon gather in the city of Qom. "We want to tell you that the hand of the State of Israel will continue to pursue every successor and every person who seeks to appoint a successor. We warn all those who intend to participate in the successor selection meeting that we will not hesitate to target you either. This is a warning!"
(BBC News Web Page: 08/03/26, FARUK)

**WAR FUELS DEBATE IN CYPRUS OVER UK MILITARY BASES**

A drone strike on a British airbase in Cyprus has reignited an enduring debate about the UK's presence on the island. It's a week since the drone punched a hole in a hangar at RAF Akrotiri. That hole, for some in Britain, symbolizes embarrassing gaps in UK hard power. For some in Cyprus, it's another unwelcome result of British military overreach. "We just want to have an independent Cyprus," said local business owner Natasha Theodotou. She was

holding a banner that read "British Bases Out" at a demonstration outside the presidential palace in the capital, Nicosia. (BBC News Web Page: 08/03/26, FARUK)

**TRUMP ACCUSES STARMER OF SEEKING TO 'JOIN WARS AFTER WE'VE ALREADY WON'**

US President Donald Trump has told the UK he does not need its aircraft carriers and accused Prime Minister Sir Keir Starmer of seeking to "join wars after we've already won", as the US and Israel continue to launch strikes on Iran. In a social media post, Trump said the UK was "giving serious thought" to sending two aircraft carriers to the Middle East, before saying the US does not "need them". Downing Street has not responded. One of the UK's two aircraft carriers has been placed on advanced readiness, the Ministry of Defence (MoD) confirmed earlier on Saturday. Trump's comments came after US bomber jets were seen landing in the UK as the US started using British bases for "specific defensive operations". (BBC News Web Page: 08/03/26, FARUK)

**RAPPER-POLITICIAN BALENDRA SHAH UNSEATS NEPAL'S EX-PM AS HE HEADS FOR VICTORY**

Rapper Balendra Shah has defeated the former Nepalese Prime Minister Sharma KP Oli in his parliamentary constituency, as he takes a step closer to becoming Nepal's next prime minister. Nepal's Election Commission confirmed on Saturday that Shah, 35, received 68,348 votes compared to Oli's 18,734 to unseat the former leader in his constituency. Thursday's general election -: the first since violent youth-led protests toppled the government in September - pitted the establishment against a new generation of politicians advocating for angry, young Gen Z voters hungry for change. Shah's Rastriya Swatantra Party (RSP) is now seemingly on course to win the general election.
(BBC News Web Page: 08/03/26, FARUK)

**BOY, 12, AMONG SIX DEAD AS TORNADOES HIT MICHIGAN AND OKLAHOMA**

At least six people have died and more than a dozen others injured after tornadoes struck Michigan and Oklahoma, in severe storms that swept across parts of the US. Officials said four people were killed in southern Michigan, including a 12-year-old boy, and two died in Oklahoma on Friday, with rescue workers continuing to assess the damage. The storms uprooted trees, downed power lines, damaged buildings and ripped the roofs off some houses on Friday. The National Weather Service (NWS) said the severe weather could continue into the weekend, warning of thunderstorms and flash flooding from the Great Plains to Texas. (BBC News Web Page: 08/03/26, FARUK)

## :: THE END ::